## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (B Unit)
## শিক্ষাবর্ষ : 2018-2019 [Set - J]

### বাংলা

**01. 'শর্বরী' শব্দের অর্থ কি?**

A. সুশীলা B. সৃষ্টি
C. রাত্রি D. চঞ্চলা

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু সমার্থক শব্দ–**
• **শর্বরী :** অমা, রাত্রি, তমা, নিশুতি, নক্ত, অম্বিকা, অসুরা, ত্রিযামা, যামবতী, তামসী, আমসী, যামিনী, বিভাবরী, নিশীথিনী, যামবতী, ইন্দুকান্তা ইত্যাদি।
• **সুশীল/সুশীলা :** নম্র, ভদ্র, বিনয়ী, সদালাপী, মিশুক, অমায়িক, সদয়, আন্তরিক ইত্যাদি।
**Ans : C.**

**02. 'Physiography' শব্দের সঠিক বাংলা পরিভাষা কোনটি?**

A. শরীর বিদ্যা B. শরীরবৃত্তীয়
C. ভূমিবৃত্তি D. ভৌতবিদ্যা

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু পারিভাষিক শব্দ–**

| | | | |
|---|---|---|---|
| Physiogpaphy | ভূমিবৃত্তি | Irrigation | সেচ ব্যবস্থা |
| Physiological | শরীরবৃত্তীয় | Biography | জীবনচরিত |
| Physiology | শরীর বিদ্যা | Gunny | গুনচট |
| Physical Science | ভৌত বিদ্যা | Deputation | প্রেষণ |
| Protocol | সৌজন্যবিধি | Go down | গুদামঘর |
| Pottery | মৃৎশিল্প | Aid | সাহায্য |

**Ans : C.**

**03. 'হতভাগ্য' এর বাগধারা কোনটি?**

A. উঁনপাজুরে B. গোবর গণেশ
C. বর্ণচোরা কাঁঠাল D. গাছ পাথর

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু বাগধারা–**

| | | | |
|---|---|---|---|
| উঁনপাজুরে | হতভাগ্য | অহিনকুল সম্বন্ধ | ফাঁকফোকর |
| গোবর গণেশ | কোন কাজের নয় | কাষ্ঠ হাসি | কপট হাসি |
| বর্ণচোরা কাঁঠাল | কপট ব্যক্তি | গয়ংগচ্ছ | ঢিলেমি |
| গাছপাথর | হিসাব-নিকাশ | ঢি ঢি পড়া | কলঙ্ক |
| অকূলে ভাসা | দিশেহারা হওয়া | রাহুর দশা | দুঃসময় |
| অকড়িয়া | ধনহীন | লগন চাঁদ | ভাগ্যবান |

**Ans : A.**

**04. সাধুরীতির বৈশিষ্ট্য নয় কোনটি?**

A. গুরুগম্ভীর ও তৎসম শব্দবহুল
B. ব্যাকরণের সুনির্ধারিত নিয়ম অনুসরণ করে
C. পদবিন্যাস সুনিয়ন্ত্রিত
D. সংক্ষিপ্ত ও সহজবোধ্য

**ব্যাখ্যা : সাধু ও চলিত ভাষার বৈশিষ্ট্য–**

| সাধুভাষা | চলিত ভাষা |
|---|---|
| প্রবর্তন করেন রাজা রামমোহন রায় | প্রবর্তন করেন প্রথম চৌধুরী |
| এটি পরিশুদ্ধ ও লিখিত | এটি সর্বজন স্বীকৃত আদর্শ ভাষা |
| ব্যাকরণের নিয়ম মানে | ব্যারণের নিয়ম মানে না |
| গুরুগম্ভীর, তৎসম শব্দবহুল | সহজ-সরল তদ্ভব শব্দবহুল |
| সর্বনাম ও ক্রিয়াপদ দীর্ঘ | সর্বনাম ও ক্রিয়াপদ সংক্ষিপ্ত |
| পদবিন্যাস সুনিয়ন্ত্রিত | এ ভাষা সকল কৃত্রিমতাবর্জিত |
| মধ্যযুগে পাওয়া যায় দলিলে | এভাষা মুখে মুখে বহমান |

**Ans : D.**

**05. 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে'- এই উক্তিটি কার?**

A. রবীন্দ্রনাথ ঠাকুর B. জসিম উদ্দিন
C. জীবনানন্দ দাশ D. ভারতচন্দ্র রায় গুণাকর

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু উক্তি ও প্রবক্তার নাম–**
• আমার সন্তান যেন থাকে দুধে ভাতে– ভারতচন্দ্র রায়গুণাকর।
• বিপদে মোর রক্ষা কর এ নহে মোর প্রার্থনা– রবীন্দ্রনাথ।
• বাংলায় রূপ আমি দেখিয়াছি, তাই আমি পৃথিবীর রূপ দেখিতে চাই না আর– জীবনানন্দ দাস।
• যে মোরে করিল পথের বিবাগী, পথে পথে আমি ফিরি তার লাগি– জসীমউদ্দীন।
**Ans : D.**

**06. 'মরি মরি! কি সুন্দর প্রভাতের রূপ'- বাক্য 'মরি মরি' কোন শ্রেণির অব্যয়?**

A. সমুচ্চয়ী B. পদান্বয়ী C. অনন্বয়ী D. অনুকার

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু অব্যয়–**
• সমুচ্চয়ী অব্যয়– এবং, ও, আর, বা, অথবা, কিন্তু, অথচ।
• অনন্বয়ী অব্যয়– মরি মরি, উঃ, ছি ছি, ওগো, হ্যাঁ।
• পদান্বয়ী অব্যয়– চেয়ে, উপর, কাছে, ছাড়া, বনাম।
• ধ্বনাত্মক অব্যয়– শনশন, মরমর, খা খা, হনহন।
এছাড়াও আরো কিছু অব্যয় পদ–
আর, আবার, যদি, যথা, সদা, সহসা, হঠাৎ, বরং, পুনশ্চ, আলবত, বহুত, শাবাশ, খাসা, মাইরি, মারহাবা ইত্যাদি।
**Ans : C.**

**07. 'নীললোহিত'- এর সঠিক ব্যাসবাক্য কোনটি?**

A. নীল যে লোহিত B. যা নীল তাই লোহিত
C. নীল অথচ লোহিত D. নীলের লোহিত

**ব্যাখ্যা : সাধারণ কর্মধারয় সমাস - এর ৩টি শ্রেণি।**
• বিশেষণ + বিশেষ্য (পূর্বপদ বিশেষণ এবং পরপদ বিশেষ্য)
উদাহরণ: মহাজন = মহৎ যে জন।
সৎ লোক = সৎ যে লোক।
• বিশেষ্য + বিশেষ্য (উভয়পদ বিশেষ্য)
উদাহরণ: দেবর্ষি = যিনি দেব তিনি ঋষি।
পিতৃদেব = যিনি পিতা তিনি দেব।
• বিশেষণ + বিশেষণ (উভয়পদ বিশেষণ)
উদাহরণ: নীললোহিত = যা নীল তাই লোহিত।
গণ্যমাণ্য = যিনি গণ্য তিনি মান্য।
শীতোষ্ণ = শীত যেখানে উষ্ণও সেখানে।
এছাড়াও, অন্যান্য কর্মধারয় সমাসের উদাহরণ-
• জীবন-প্রদীপ = জীবন রূপ প্রদীপ। (রূপক কর্মধারয়)
• ধর্মঘট = ধর্ম রক্ষার্থে ঘট। (মধ্যপদলোপী কর্মধারয়)
• আয়কর = আয়ের উপর ধার্য কর। (মধ্যপদলোপী কর্মধারয়)
• ফুলকুমারী = কুমারী ফুলের ন্যায়। (উপমিত কর্মধারয়)
• মোহনিদ্রা = মোহ রূপ নিদ্রা। (রূপক কর্মধারয়)
• বজ্রকঠোর = বজ্রের ন্যায় কঠোর। (উপমান কর্মধারয়)
**Ans : B.**

**08. কোনগুলো কণ্ঠধ্বনি?**

A. ক খ গ ঘ ঙ B. চ ছ জ ঝ ঞ
C. ট ঠ ড ঢ ণ D. ত থ দ ধ ন

**ব্যাখ্যা : ধ্বনির শ্রেণী বিভাগ–**
• কণ্ঠধ্বনি– ক, খ, গ, ঘ, ঙ। • তালব্য ধ্বনি– চ, ছ, জ, ঝ, ঞ।
• মূর্ধন্য ধ্বনি– ট, ঠ, ড, ধ, ণ। • দন্ত্য ধ্বনি– ত, থ, দ, ধ, ন।
• ওষ্ঠ্য ধ্বনি– প, ফ, ব, ভ, ম। • শিশ ধ্বনি– শ, ষ, স, হ।
• পার্শ্বিক ধ্বনি– ল। • অন্তস্থ ধ্বনি– য়, র, ল, ব।
• নাসিক্য ধ্বনি– ঙ, ঞ, ণ, ন, ম।
**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**09. কোন বানানটি শুদ্ধ?**

A. প্রণয়িণী B. প্রণয়িনী C. প্রণয়ীণি D. প্রনয়ীণি

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু শুদ্ধ বানান–

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| প্রণয়িণী | প্রণয়িনী | কচিৎ | কৃচিৎ |
| দ্বন্দ | দ্বন্দ্ব | দৌরাত্ব | দৌরাত্ম্য |
| মূর্চ্ছনা | মূর্ছনা | ভূবণ | ভুবন |
| স্বত্ত্বা | সত্তা | শ্লেস্মা | শ্লেষ্মা |
| হোছট | হোঁচট | মরিচীকা | মরীচিকা |

Ans : B.

**10. 'সে মরবে তবুও এ কথা বলবে না'- কি ধরনের বাক্য?**

A. জটিল B. যৌগিক

C. মিশ্র D. অস্তিবাচক

ব্যাখ্যা : সরল, জটিল (মিশ্র) ও যৌগিক বাক্য চেনার উপায়–

- সরল বাক্য– যে বাক্যে মাত্র একটি করে উদ্দেশ্য (Subject) এবং বিধেয় (Predicate) থাকে।
- জটিল (মিশ্র)– যে বাক্যে (যে, সে, যত, তত, যারা, তারা, যখন, তখন, ইত্যাদি) সর্বনাম থাকে তাই জটিল বাক্য।
- যৌগিক বাক্য– যে বাক্যে (এবং, ও, আর, কিন্তু, অথবা, অথচ, কিংবা, বরং, তবুও ইত্যাদি) অব্যয় থাকে তাই যৌগিক বাক্য।

Ans : B.

## English

**11. What is the plural form of 'Appendix'?**

A. Appendixe B. Appendixs

C. Appendics D. Appendices

ব্যাখ্যা : Appendix (N.) - গ্রন্থের পরিশিষ্ট

Plural form - Appendices/Appendixes

Ans : D.

**12. In English grammar, ____ deals with the meaning of the sentences and words.**

A. Syntax B. Morphology

C. Semantics D. Etymology

ব্যাখ্যা : Semantics is the, study of the meaning of words, phrases and sentences. Semantics is one of the important branches of linguistic and deals with interpretation and meaning of the words, sentence structure and symbols.

Ans : C.

**13. Changes ____ lifestyle and material conditions are expected ___ have their impacts ____ craftworks.**

A. in, to, on B. of, in , in

C. at, of, in D. of, in, for

ব্যাখ্যা : • Change in - কোনো কিছুতে পরিবর্তন

• Expect to - আশা করা

• Impacts on - কোনো কিছুর উপর প্রভাব পড়া

Ans : A.

**Read the sentences and fill in blanks with appropriate words (Question 14-16)**

Learning is the (14) ___ of new knowledge and memory is the retention of this knowledge. The (15) ___ of learning and memory, therefore, is the (16) ___ basis of all our knowledge and abilities and is what enables us to consider the past, exist in the present and plan for the future.

**14.** A. acquire B. tool C. style D. acquisition

ব্যাখ্যা : Tool - যন্ত্র/সরঞ্জাম Style - রীতি

Acquire - অর্জন করা Acquisition - অর্জন

এখানে শূন্যস্থানে Acquisition বসবে, কারণ GAP টিতে একটি Noun বসাতে হবে। আর Acquire (v.) এর Noun form হলো- Acquisition. বাক্যটির অর্থ হলো– "শিক্ষা হলো নতুন জ্ঞান অর্জন এবং স্মৃতি হলো এই জ্ঞান ধরে রাখা"।

Ans : D.

**15.** A. Process B. Separation

C. Relation D. Combination

ব্যাখ্যা : Process - প্রক্রিয়া Separation - পৃথক

Relation - সম্পর্ক Combination - সমন্বয়/বিন্যাস

এখানে Learning এবং Memory এর প্রক্রিয়া বুঝাতে Process হবে।

Ans : A.

**16.** A. requisition B. basis

C. complex D. interest

ব্যাখ্যা : Requisition - লিখিত চাহিদা Basis - ভিত্তি

Complex - জটিল/কঠিন Interest - স্বার্থ/সুদ

এখানে, জটিল জটিল প্রক্রিয়া বুঝাতে Complex হবে।

Ans : C.

**17. Fill in the blank. This dictionary costs___ the other one.**

A. twice more than B. twice as much as

C. twice as much D. twice as many

ব্যাখ্যা : দুটি জিনিসের তুলনা করার সময় দ্বিগুণ/তিনগুণ বুঝাতে Uncountable (N.) এর জন্য twice/thrice as much as বসে।

**Structure** : sub(1) + verb + (twice/thrice) + as much as + sub(2)

**Example** : The distance of Dhaka from Chittagong is twice as much as that of Comilla.

Ans : B.

**18. Find the parts of speech of the underlined words. Nazrul is <u>famous</u> not only in Bangladesh but also in <u>India.</u>**

A. adjective, adjective B. adverb, noun

C. adjective, noun D. verb, noun

ব্যাখ্যা : Famous (Adj.) - বিখ্যাত

India (N.) - একটি দেশের নাম

Ans : C.

**19. The synonym of 'Casual' is-**

A. egotistical B. palatable C. incidental D. imperil

ব্যাখ্যা : Casual - স্বাভাবিক

**Synonym** : Natural, Informal, Indidental, Impulsive.

**Antonym** : Formal, Serious, Deliberate

Ans : C.

**20. Which one of the following sentences is correct?**

A. I feel much better today than I did last week

B. He has less time now than he had before

C. This magazine is better than that one

D. None of the above

ব্যাখ্যা : এটা Comparative Sentence এর example.

**Structure** : Subj + verb + Comparative adj. + than + object.

**Example** : This book is longer than that book.

অনুরূপভাবে, This magazine is better than that one.

Ans : C.

শিক্ষার সর্বশ্রেষ্ঠ পাঠশালা

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**21. Which one is the correct antonym of 'Methodical'?**

A. Disorderly	B. Regular
C. Systematic	D. Timidity

ব্যাখ্যা : Methodical - সুশৃঙ্খল/পদ্ধতিগত
**Synonym :** Disciplined, Methodical, Ordered, Planned, Regulated.
**Antonym :** Disorderly, Chaotic, Careless, Disorganized.
**Ans : A.**

**22. Find out the correct spelling from the following set of words.**

A. Unfear, Agreable
B. Collaboretion, Psychology
C. Grievance, Satellite
D. Transparence, Presidence

ব্যাখ্যা : এখানে Option C এর word গুলোর Spelling সঠিক।
**কিছু গুরুত্বপূর্ণ spelling :**

| | |
|---|---|
| Agreeable | Collaboration |
| Presidency | Satellite |
| Grievance | Psychology |

**Ans : C.**

**23. Find the incorrect words from the following sentence. Rima has not completed the task yet, and Mina hasn't neither.**

A. has not	B. task
C. yet	D. neither

ব্যাখ্যা : এটি negative agreement এর example.
**Negative Agreement এর Structure :**
Sub + Auxiliary (not) + either
Neither + Auxiliary + sub
**Example :** He isn't going, I ain't either.
সুতরাং, option 'D' তে neither এর জায়গায় either হবে।
**Ans : D.**

**24. The noise level of the city has increased exponentially. Here the word 'exponentially' means-**

A. Amazingly	B. Shockingly
C. Steadily	D. Rapidly

ব্যাখ্যা : • Exponentially - দ্রুতভাবে।
• Amazingly - চমৎকারভাবে।
• Shockingly - মারাত্মকভাবে।
• Steadily - স্থিরভাবে
• Rapidly - দ্রুততার সাথে।
**Exponentially এর Synonym ও Antonym :**
**Synonym :** Aggressively, Rapidly, Greatly, Enoromously.
**Antyonym :** Gradualy, Slowly, Steadly, Bit by Bit.
**Ans : D.**

**25. Verb of 'Master' is-**

A. Mister	B. Mistress
C. Mastery	D. Master

ব্যাখ্যা : Master শব্দটির noun এবং verb form একই।
Master (N.) - প্রভু/শিক্ষক/দক্ষ
Master (V.) - দক্ষতা অর্জন করা
**Ans : D.**

## সাধারণ গণিত

**26. $f(x) = x^4 + 5ax - 3$ হলে, a এর কোন মানের জন্য $f(1) = 0$ হবে?**

A. 0.02	B. 0.01
C. 0.3	D. 0.2

ব্যাখ্যা : $f(x) = x^4 + 5ax - 3$
$\therefore f(1) = (1)^4 + 5.a.1 - 3 = 0$
$\Rightarrow 5a - 2 = 0 \Rightarrow a = \frac{2}{5} - 0.4$
**Ans : নাই।**

**27. কোনো বিদ্যালয়ের নবম শ্রেণির মোট শিক্ষার্থীর সংখ্যা 64 যাদের অর্ধেক ছাত্রী। ছাত্রীদের মধ্যে অর্ধেক বিজ্ঞান বিভাগের। তাহলে মোট শিক্ষার্থীর কত শতাংশ ছাত্রী বিজ্ঞান বিভাগের নয়।**

A. 25%	B. 30%
C. 35%	D. 40%

ব্যাখ্যা : ছাত্রীর সংখ্যা = মোট শিক্ষার্থীর $\frac{1}{2}$ অংশ $= \left(\frac{1}{2} \times 64\right) = 32$
ছাত্রীদের অর্ধেক বিজ্ঞান বিভাগের ছাত্রী।
$\therefore$ বিজ্ঞান বিভাগের ছাত্রী $= \left(\frac{1}{2} \times 32\right) = 16$
$\therefore$ বিজ্ঞান বিভাগের ছাত্রী নয় $= (32 - 16) = 16$ জন
শতকরা হিসেবে, $\frac{10}{64} = 25\%$ ছাত্রী বিজ্ঞান বিভাগের নয়।
**Ans : A.**

**28. কোনটি জ্যামিতিক কোণ নয়?**

A. 1 সমকোণ	B. 0°
C. 360°	D. 450°

ব্যাখ্যা : তলমাত্রিক জ্যামিতিতে দুটি রশ্মির দ্বারা একটি কোণ উৎপন্ন হয়। জ্যামিতিক কোণের সর্বোচ্চ মান 360°, এর চেয়ে বড় কোণগুলো ত্রিকোণমিতিক কোণ।
**Ans : D.**

**29. কোন সংখ্যার $\frac{1}{3}$ অংশের সাথে 9 যোগ করলে সংখ্যাটির $\frac{2}{3}$ অংশ হবে।**

A. 25	B. 27
C. 30	D. 32

ব্যাখ্যা : $\frac{x}{3} + 9 = \frac{2x}{3} \Rightarrow \frac{2x}{3} - \frac{x}{3} = 9 \Rightarrow \frac{x}{3} = 9 \Rightarrow x = 27$
**Ans : B.**

**30. দুইটি সমতল ছেদ করলে কি উৎপন্ন হয়?**

A. তল	B. ত্রিভুজ
C. রেখা	D. বর্গ

ব্যাখ্যা : দুটি রেখা (একমাত্রিক) পরস্পর ছেদ করলে একটি বিন্দু উৎপন্ন হয়, যা কিনা মাত্রাহীন। তেমনি দুটি তল(দ্বিমাত্রিক) পরস্পর ছেদ করলে একমাত্রিক রেখা উৎপন্ন হবে মাত্রা কমে গিয়ে।
**Ans : C.**

শিক্ষার সবকিছু প্যাকশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**31.** মেঘনা একটি কাজ x দিনে করতে পারে, যমুনা ঐ কাজ y দিনে করতে পারে, তারা একত্রে কত দিনে কাজটি শেষ করতে পারবে?

A. $\frac{x+y}{xy}$ দিনে
B. $\frac{x-y}{xy}$ দিনে
C. $x+y$ দিনে
D. $\frac{xy}{x+y}$ দিনে

ব্যাখ্যা : মেঘনা একদিনে করে $\frac{1}{x}$ অংশ

যমুনা একদিনে করে $\frac{1}{y}$ অংশ

দুজনে একত্রে একদিনে করে $= \frac{1}{x}+\frac{1}{y}=\frac{x+y}{xy}$ অংশ

$\therefore$ কাজটি শেষ করতে পারবে তারা $\frac{xy}{x+y}$ দিনে।

**Ans : D.**

**32.** কোনো একটি পরীক্ষায় মোট 80 জন ছাত্র অংশগ্রহণ করে এবং প্রত্যেকে গণিত কিংবা ইংরেজী কোনো একটি বিষয়ে A গ্রেড অর্জন করে। এর মধ্যে 50 জন গণিতে A গ্রেড এবং 10 জন ইংরেজি ও গণিতে A গ্রেড লাভ করে। শুধু ইংরেজীতে কতজন A গ্রেড পেয়েছে?

A. 10 B. 20 C. 25 D. 30

ব্যাখ্যা : এখানে, $n(s) = n(M \cup E) = 80$

$n(M) = 50, n(M \cap E) = 10$

$\therefore n(M \cup E) = n(M) + n(E) - n(M \cap E)$

$\Rightarrow 80 = 50 + n(E) - 10 \Rightarrow n(E) = 40$

$\therefore$ শুধু ইংরেজীতে A গ্রেড পেয়েছে $= n(E) - n(M \cap E)$

$= 40 - 10 = 30$

**Ans : D.**

**33.** ক্রিকেট খেলায় সাকিব, মুশফিক ও মাশরাফি 171 রান করলো। সাকিব ও মুশফিকের এবং মুশফিক ও মাশরাফির রানের অনুপাত 3:2 হলে নিচের কোন সংখ্যাটি সাকিব, মুশফিক কিংবা মাশরাফির কারও রান নয়?

A. 36 B. 42 C. 54 D. 81

ব্যাখ্যা : সাকিব, মুশফিক, মাশরাফির রান যথাক্রমে x, y, z ধরি।

প্রশ্নমতে, $\frac{x}{y}=\frac{3}{2}$ এবং $\frac{y}{z}=\frac{3}{2}$

$\Rightarrow x = \frac{3}{2}y$ ..... (i) এবং $z = \frac{2y}{3}$ .....(ii)

তাদের মোট রান $= x + y + z = 171$

$\Rightarrow \frac{3}{2}y + y + \frac{2y}{3} = 171$

$\Rightarrow \frac{9y+6y+4y}{6} = 171$

$\Rightarrow 10y = 171 \times 6 \Rightarrow y = 54$

$\therefore x = \frac{3}{2}y = \frac{3}{2} \times 54 = 81$

এবং $z = \frac{2y}{3} = \frac{2}{3} \times 54 = 36$

$\therefore$ তাদের রান 81, 54, 36

**Ans : B.**

**34.** পরবর্তী মৌলিক সংখ্যা কোনটি? 103, 107, 109, 113,—

A. 117 B. 119
C. 123 D. 127

ব্যাখ্যা : $117 = 3 \times 39$

$119 = 7 \times 17$

$123 = 3 \times 41$, কেবল 127 টি মৌলিক সংখ্যা

**Ans : D.**

**35.** যদি a ও b পূর্ণ সংখ্যা হয় এবং $a - b = 6$ হয়, তবে $a + b$ নিচের কোনটি হতে পারে না?

A. 0
B. একটি ঋণাত্মক পূর্ণ সংখ্যা
C. একটি ধনাত্মক পূর্ণ সংখ্যা
D. 6 এর থেকে বেশি

ব্যাখ্যা : • $a = 3, b = -3$ হলে $a - b = 6$ এবং $a + b$ তখন শূন্য হয়।
• $a = 20, b = 14$ হলে $a - b = 6$ এবং $a + b = 20 + 14 = 34$, যা কিনা একটি ধনাত্মক পূর্ণসংখ্যা যার মান 6 অপেক্ষা বেশি।
• $a = 0, b = -6$ হলে $a - b = 6$ এবং $a + b = 0 - 6 = -6$ ঋণাত্মক
এখানে সঠিক উত্তর নেই। $a + b =$ চারটি অপশনের সবগুলোই হতে পারে।

**Ans : নাই।**

**36.** $A = \{0\}$ এবং $B = \{0\}$ হলে $A \times B$ নিচের কোনটি হবে?

A. $\{0\}$ B. $\{0, 0\}$
C. $\{(0, 0)\}$ D. $\{0, 0)$

ব্যাখ্যা : $A \times B = \{0\} \times \{0\} = \{(0, 0)\}$


**Ans : C.**

**37.** 18 মিটার দীর্ঘ একটি মই পিলারের শীর্ষ বিন্দুতে 60° কোণ উৎপন্ন করে মাটি স্পর্শ করে। পিলারটির উচ্চতা কত?

A. 7 মিটার B. 9 মিটার
C. 15 মিটার D. 18 মিটার

ব্যাখ্যা : $\cos 60° = \frac{h}{18}$

$\Rightarrow h = 18 \cos 60° = 18 \times \frac{1}{2} = 9$




**Ans : B.**

**38.** একটি সমবাহু ত্রিভুজের পরিসীমা 117 সে.মি. হলে বাহুর দৈর্ঘ্য কত?

A. 39 সে.মি. B. 29 সে.মি.
C. 32 সে.মি. D. 34 সে.মি.

ব্যাখ্যা : $a + a + a = 117 \Rightarrow 3a = 117 \Rightarrow a = \frac{117}{3} = 39$

**Ans : A.**

**39.** $(x - y, 8) = (0, x + 3y)$ হলে $(x, y) =$ কত?

A. (1, 1) B. (2, 3)
C. (1, 3) D. (2, 2)

ব্যাখ্যা : $(x - y, 8) = (0, x + 3y)$

$\therefore x - y = 0 \Rightarrow x = y$

$x + 3y = 8$

$\Rightarrow x + 3x = 8 \Rightarrow 4x = 8 \Rightarrow x = 2$

$\therefore y = 2$

**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা PDF

**40.** একটি সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য a একক হলে, নিচের কোনটি সঠিক?

A. উচ্চতা = $\frac{\sqrt{3}}{a}$ একক
B. ক্ষেত্রফল = $\frac{\sqrt{3}}{2}a^2$
C. পরিসীমা = 4a একক
D. কোনোটিই নয়

ব্যাখ্যা : সমবাহু ত্রিভুজের উচ্চতা = $\frac{\sqrt{3}}{2}a$

সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × ভূমি × উচ্চতা

$= \frac{1}{2} \times a \times \frac{\sqrt{3}}{2}a = \frac{\sqrt{3}}{4}a^2$

সমবাহু ত্রিভুজের পরিসীমা = 3a

**Ans : D.**

## সাধারণ জ্ঞান

**41.** ঢাকা শহরের কোন ফ্লাইওভার দিয়ে চলাচলের জন্য টোল প্রদান করতে হয়?

A. মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভার
B. কুড়িল ফ্লাইওভার
C. বনানী ফ্লাইওভার
D. মহাখালী ফ্লাইওভার

ব্যাখ্যা : • ঢাকা শহরের মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভারে টোল দিতে হয়।
• এর ১০.৬ কিলোমিটার দীর্ঘ।
• এটি ২০১৩ সালে উদ্বোধন করা হয়।
• এর নির্মাণ কাজ শুরু হয় ২০০৬ সালে।
• এটি ঢাকার যাত্রাবাড়ী ও গুলিস্তান এলাকাকে যুক্ত করেছে।
• এটির নির্মাণকারী প্রতিষ্ঠান Orion Infrastructure.

**Ans : A.**

**42.** কোন সংস্থাকে সংক্ষেপে UDD বলা হয়?

A. Urban Development Department
B. Urban Development Directorate
C. Urban Development Division
D. কোনোটিই নয়।

ব্যাখ্যা : • নগর উন্নয়ন অধিদপ্তর - Urban development directorate (UDD)।
• ১৯৬৪ সালে বাংলাদেশ সরকার ভৌত পরিকল্পনা এবং উন্নয়নের জন্য কারিগরি সহায়তা চেয়ে ইউনাইটেড নেশনস স্পেশাল ফান্ড এর নিকট অনুরোধ জানায়।
• এর প্রেক্ষিতে নগর উন্নয়ন অধিদপ্তর নামে নতুন একটি সংস্থা ১৯৬৫ সালের ১৭ জুলাই প্রতিষ্ঠিত হয়।
• এর মূল বৈশিষ্ট্য হলো জনগণকে সম্পৃক্ত করে ভূতাত্ত্বিক বৈশিষ্ট্য বিবেচনা ও কৃষি জমি সংরক্ষণ, পরিবেশ ও সংস্কৃতি রক্ষা করে আর্থ সামাজিক উন্নয়ন করা।

**Ans : B.**

**43.** বাংলাদেশের বর্তমানে মোট জনসংখ্যার কত শতাংশ শহর বা নগর এলাকায় বাস করে?

A. প্রায় ২৩ শতাংশ
B. প্রায় ৩৪ শতাংশ
C. প্রায় ৪২ শতাংশ
D. প্রায় ৩৬ শতাংশ

ব্যাখ্যা : • আদমশুমারি ২০১১, অনুসারে মোট জনসংখ্যার ২১.৪% লোক শহরে বাস করে, বাকি ৭৮.৬% গ্রামাঞ্চলের অধিবাসী (সূত্র: উইকিপিডিয়া)।
• আদমশুমারি ও গৃহগণনা ২০১১ হল বাংলাদেশে অনুষ্ঠিত ৫ম আদমশুমারি।
• বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ১০ বছর পরপর আদমশুমারি পরিচালনা করে থাকে।
• ২০১১ আদমশুমারি তিন পর্যায়ে সম্পন্ন হয়েছে ; এক - মূলগণনা, দুই - পোস্ট এনুমারেশন চেক এবং তিন - সাধারণ গণনা বা একটি নির্দিষ্ট এলাকা যাচাই।

**Ans : নাই (উত্তরটি পরিবর্তনশীল)।**

**44.** কোন সংস্থাটি ঢাকা মহানগরের সকল মূল সড়কে লেগুনা চলাচলের উপরে নিষেধাজ্ঞা আরোপ করেছে

A. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)
B. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
C. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
D. ঢাকা মেট্রোপলিটন পুলিশ

ব্যাখ্যা : • সড়ক দুর্ঘটনার অন্যতম কারণ হিসেবে উল্লেখ করে, ঢাকা মেট্রোপলিটন পুলিশ ৪ সেপ্টেম্বর, ২০১৮ থেকে ঢাকা শহরের সকল মূল সড়কে লেগুনা চলাচল নিষিদ্ধ করে।
• 'মডেল ট্রাফিক ব্যবস্থা' নামের এই প্রকল্পের মাধ্যমে সিটি করপোরেশনগুলোর সহায়তায় ডিএমপি এই সাত কিলোমিটার সড়কটিতে শৃঙ্খলা ফিরিয়ে আনার চেষ্টা করে।

**Ans : D.**

**45.** বাংলাদেশের বর্তমান সরকার ব্যবস্থায় মন্ত্রীদের দপ্তর বন্টন করেন কে?

A. ক্ষমতাসীন রাজনৈতিক নেতৃবৃন্দ
B. মন্ত্রীপরিষদ সচিব
C. সংসদ
D. প্রধানমন্ত্রী

ব্যাখ্যা : • প্রধানমন্ত্রী, মন্ত্রী, উপমন্ত্রী ও প্রতিমন্ত্রীদের শপথ বাক্য পাঠ করান রাষ্ট্রপতি ও দফতর বন্টন করেন প্রধানমন্ত্রী।
• বাংলাদেশের মন্ত্রিসভা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্বাহী বিভাগের প্রধান প্রতিষ্ঠান।
• বাংলাদেশের সংবিধানের ৭০নং অনুচ্ছেদ প্রধানমন্ত্রীর হাতে অনিয়ন্ত্রিত অপ্রতিদ্বন্দ্বী ক্ষমতা ন্যস্ত করেছে বলে সমালোচনা রয়েছে।
• বাংলাদেশের বিশতম মন্ত্রিসভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্যতীত মন্ত্রিসভার পূর্ণ মন্ত্রী ২৪ জন, প্রতিমন্ত্রী ১৯ জন ও উপমন্ত্রী হলেন ৩ জন।

**Ans : D.**

**46.** ক্রমোচ্চ বিন্যাসে জেলা প্রশাসন বাংলাদেশের প্রশাসনিক কাঠামোর কত তম স্তর?

A. দ্বিতীয়
B. তৃতীয়
C. চতুর্থ
D. পঞ্চম

ব্যাখ্যা : • বাংলাদেশের প্রশাসনিক কাঠামোর স্তর ভিত্তিক।
• এর দুটি প্রধান স্তর আছে।
• প্রথম স্তরটি হল কেন্দ্রীয় প্রশাসন।
• বাংলাদেশের প্রশাসনের দ্বিতীয় স্তরটি হল মাঠ প্রশাসন।
• মাঠ প্রশাসনের প্রথম ধাপ হল বিভাগীয় প্রশাসন।
• মাঠ প্রশাসনের দ্বিতীয় ধাপে উপজেলা প্রশাসন।

সুতরাং, ক্রমোচ্চ বিন্যাসে জেলা প্রশাসন ৩য় স্তরে অবস্থিত।

**Ans : B.**

**47.** ইউনিয়ন পর্যায়ে সংরক্ষিত মহিলা আসন বিন্যাসে নিম্নের কোনটি সঠিক?

A. প্রতি ইউনিয়নে দুইজন
B. প্রতি ওয়ার্ডে একজন
C. প্রতি তিন ওয়ার্ডে একজন
D. কোনোটিই নয়

ব্যাখ্যা : ইউনিয়নের গঠন কাঠামো–
• প্রতিটি ইউনিয়নভুক্ত গ্রামগুলোকে ৯টি ওয়ার্ডে বিভক্ত করে, প্রতিটি ওয়ার্ড থেকে ১ জন করে সাধারণ সদস্য এবং প্রতি তিনটি ওয়ার্ড হতে ১ জন সংরক্ষিত (মহিলা) সদস্য জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হন।
• পুরো ইউনিয়ন হতে একজন চেয়ারম্যান নির্বাচিত করা হয়।
• অর্থাৎ একটি ইউনিয়ন পরিষদ ১ জন চেয়ারম্যান, ১২ জন সাধারণ সদস্য ও ৩ জন সংরক্ষিত (মহিলা) আসনের সদস্য নিয়ে গঠিত হয়।

**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**48.** জাতিসংঘ বিশ্বের দেশসমূহকে কতটি ক্যাটাগরিতে ভাগ করেছে?
A. ৫টি B. ৪টি C. ৩টি D. ৬টি

ব্যাখ্যা : • অর্থনৈতিক ও সামাজিক সূচকের ভিত্তিতে জাতিসংঘ বিশ্বের দেশসমূহকে তিনটি ভাগে ভাগ করেছে।
• স্বল্পোন্নত, উন্নয়নশীল এবং উন্নত দেশ।
• অর্থনৈতিক এবং সামাজিক কাউন্সিল (ECOSOC) এর উন্নয়ন নীতিমালা বিষয়ক কমিটি (CDP) তিনটি সূচকের ভিত্তিতে তিন বছর পরপর স্বল্পোন্নত দেশ বা এলডিসির তালিকা তৈরি করে থাকে।
• ১৯৬৪ সালে প্রতিষ্ঠিত জাতিসংঘ বাণিজ্য ও উন্নয়ন সম্মেলন (UNCTAD) সবপ্রথম ২৫ টি দেশকে তালিকা ভুক্ত করে ১৯৭১ সালে LDC তালিকা প্রনয়ণ করে।
**Ans : C.**

**49.** উৎপাদনের আদি ও মৌলিক উপাদান কোনটি?
A. অর্থ B. প্রযুক্তি C. বাজার D. ভূমি

ব্যাখ্যা : উৎপাদনের উপাদান চারটি–
• এগুলো যথাক্রমে– ভূমি, শ্রম, মূলধন ও সংগঠন।
• উৎপাদনের বিভিন্ন রূপ হল: প্রকৃতি প্রদত্ত বস্তু বা দ্রব্যের আকার, স্থান ও সময় পরিবর্তনের মাধ্যমে যা দ্বারা উপযোগ সৃষ্টি করা।
• এ রকম পাঁচটি উপায়ে দ্রব্যের উপযোগ সৃষ্টি করা যায়।
• যথা- (ক) রূপগত উপযোগ (খ) স্থানগত উপযোগ (গ) সময়গত উপযোগ (ঘ) সেবাগত উপযোগ (ঙ) স্বত্বগত উপযোগ।
**Ans : D.**

**50.** বাংলাদেশে প্রচলিত নোটগুলির মধ্যে নিচের কোন নোটটি ব্যাংক নোট নয়?
A. দুই টাকার নোট B. পাঁচ টাকার নোট
C. পঞ্চাশ টাকার নোট D. একশ টাকার নোট

ব্যাখ্যা : • ১০ টাকা এবং এর বড় নোটগুলো বাংলাদেশ ব্যাংক প্রচলন করে।
• এতে বাংলাদেশ ব্যাংকের গভর্নরের স্বাক্ষর থাকে।
• ব্যাংক নোট মোট ৬টি। যথাক্রমে: ১০,২০,৫০,১০০, ৫০০,১০০০টাকা।
• এক, দুই এবং পাঁচ টাকার নোট বা মুদ্রার প্রচলন করে বাংলাদেশ সরকারের অর্থমন্ত্রণালয়।
• এতে অর্থসচিবের স্বাক্ষর থাকে। তাই এগুলোকে সরকারি নোট বলে।
• সরকারি নোট তিনটি। ১, ২ এবং ৫ টাকা।
এখানে, সঠিক উত্তর একাধিক।
**Ans : A, B.**

**51.** সাধারণত সমাজে সম্পদ বন্টনের কাজটি কে করেন?
A. একক কেন্দ্রীয় পরিকল্পনা সংস্থা
B. উৎপাদন একক (ফার্ম), যারা দ্রব্য ও সেবা উৎপাদনের জন্য সম্পদ ব্যবহার করেন
C. সম্পদের মালিকগণ
D. বহুসংখ্যক ফার্ম ও গৃহস্থালীর সমন্বিত ক্রিয়া

ব্যাখ্যা : • উৎপাদন একক যেমন, ফার্ম এবং যারা দ্রব্য ও সেবা উৎপাদনের জন্য সম্পদ ব্যবহার করে তারাই সাধারণত সমাজে সম্পদ বন্টন এর কাজ করে।
• বন্টন ব্যবস্থা ত্রুটিপূর্ণ ও অসম হলে অর্থনৈতিক সমস্যা দেখা দেয়, জীবনযাত্রার মানে কাঙ্খিত উন্নয়ন ঘটতে পারে না।
• মোট উৎপাদিত সম্পদের অর্থমূল্য কীভাবে উৎপাদনের উপাদানগুলোর মধ্যে বন্টন করা হয়, তা নির্ভর করে দেশের অর্থনৈতিক ব্যবস্থা বা Economic System- এর উপর।
• উৎপাদিত সম্পদ উৎপাদনের চারটি উপাদানের মধ্যে ভাগ হয়ে যাওয়ার প্রক্রিয়াকে বলে বন্টন।
**Ans : B.**

**52.** কোনটি কৃষিঋণ প্রাপ্তির প্রাতিষ্ঠানিক উৎস নয়?
A. বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড B. বাংলাদেশ সমবায় ব্যাংক
C. বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক D. গ্রামীণ ব্যাংক

ব্যাখ্যা : • বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড হল বাংলাদেশের রাষ্ট্রীয় মালিকানাধীন রাষ্ট্রায়ত্ত ব্যাংক।
• ব্যাংকটি মূলত শিল্প ঋণ প্রদান করে।
• সরকারী সিদ্ধান্ত অনুযায়ী ২০০৯ সালে পাবলিক লিমিটেড কোম্পানি হিসাবে আত্মপ্রকাশ করে।
• বাংলাদেশ শিল্প ব্যাংক ও বাংলাদেশ শিল্পঋণ সংস্থাকে একীভূত করে এই ব্যাংকটি প্রতিষ্ঠা করা হয়।
• ব্যাংকটি ঢাকা স্টক এক্সচেঞ্জ ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এ নিবন্ধিত।
**Ans : C.**

**53.** রাষ্ট্রকে একটি প্রয়োজনীয় অথচ ক্ষতিকর প্রতিষ্ঠান হিসেবে গণ্য করা হয়েছে-
A. নৈরাজ্যবাদে B. সমাজতন্ত্রবাদে
C. ব্যক্তিস্বাতন্ত্রবাদে D. উদারতাবাদে

ব্যাখ্যা : রাষ্ট্রের কার্যাবলি সংক্রান্ত মতবাদ–
• ব্যক্তিস্বাতন্ত্র্যবাদ : ব্যক্তিস্বাতন্ত্র্যবাদ বলতে কার্যসংক্রান্ত সেই মতবাদকে বুঝায় যা রাষ্ট্রের কার্যক্ষেত্রকে সংকুচিত করে এবং ব্যক্তিকে অধিক মাত্রায় স্বাধীনতা দান করে। ব্যক্তিস্বাতন্ত্রবাদীরা রাষ্ট্রকে ক্ষতিকর অথচ প্রয়োজনীয় প্রতিষ্ঠান মনে করে।
• নৈরাজ্যবাদ : নৈরাজ্যবাদের মূল কথা হচ্ছে রাষ্ট্র ও সরকারের প্রয়োজন নেই। নৈরাজ্যবাদীদের মতে রাষ্ট্র ও সরকার নিপীড়নের যন্ত্র মাত্র।
• সমাজতন্ত্রবাদ : সমাজতন্ত্রবাদের মূল কথা হলো সকল প্রকার শোষণ, ধন-বৈষম্য ও শ্রেণি বৈষম্যের অবসান ঘটিয়ে শ্রেণিহীন ও শোষনহীন সমাজ কায়েম করা।
**Ans : C.**

**54.** 'Delegated Legislation' অর্থ কি?
A. হস্তান্তরিত আইন B. প্রতিনিধিত্বমূলক আইন
C. অর্পিত ক্ষমতা প্রসূত আইন D. দন্ডবিধি সম্পর্কিত আইন

ব্যাখ্যা : • Delegated legislation বলতে অর্পিত ক্ষমতা প্রসূত আইন/ প্রণীত বিধান/ অর্পিত বিধান কে বুঝায়।
• এটি এমন আইন যা সংসদ আইন দ্বারা গ্রহীত হয় না তবে একটি সরকারী মন্ত্রীর দ্বারা, একটি প্রতিনিধিদল বা সত্তা দ্বারা অনুমোদিত হয়।
• বিভিন্ন ধরনের উদ্দেশ্যে এটি ব্যবহার করা হয়, যেমন সংসদ আইন কার্যকর করার তারিখ নির্ধারণের জন্য; একটি পাবলিক সেবার জন্য ইত্যাদি।
**Ans : C.**

**55.** নির্বাচক সংস্থা দ্বারা কোন দেশের রাষ্ট্রপ্রধান নির্বাচিত হন?
A. যুক্তরাষ্ট্র B. যুক্তরাজ্য
C. ফ্রান্স D. কানাডা

ব্যাখ্যা : • যুক্তরাষ্ট্রের সকল রাজ্য মিলিয়ে মোট ইলেক্টোরাল ভোটের সংখ্যা ৫৩৮ টি।
• এর মাঝে অন্তত ২৭০টি ইলেক্টোরাল ভোট পেতে হয় প্রেসিডেন্ট পদপ্রার্থীকে।
• কোন প্রার্থী যদি ২৭০ টি ইলেক্টোরাল ভোট পান তাহলে তার দলের ২৭০ জন প্রতিনিধিদের দেওয়া সরাসরি ভোটে তিনি প্রেসিডেন্ট নির্বাচিত হবেন।
• মধ্যবর্তী নির্বাচন সংস্থা এবং প্রতিনিধিদের দ্বারা রাষ্ট্রপতি নির্বাচিত হন।
**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**56. রাষ্ট্রভাষা সংগ্রাম কমিটির আহ্বায়ক কে ছিলেন?**

A. আবদুল মতিন B. সৈয়দ নূরুল আলম
C. ডাক্তার গোলাম মাওলা D. কাজী গোলাম মাহবুব

ব্যাখ্যা : • ১৯৫২ সালের ২৬ জানুয়ারি ঢাকার পল্টন ময়দানে তৎকালীন পাকিস্তানের প্রধানমন্ত্রী খাজা নাজিমুদ্দিন বক্তৃতা দেন।
• সেখানে তিনি উর্দুকে পাকিস্তানের রাষ্ট্রভাষা করার ঘোষণা দেন।
• এর প্রতিবাদে ছাত্র সমাজ ৩০ জানুয়ারি ধর্মঘট পালন করে।
• আবদুল মতিনকে আহ্বায়ক করে রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ নতুনভাবে গঠিত হয়।
• প্রথম প্রতিষ্ঠাতা আহ্বায়ক ছিলেন– নূরুল হক ভূঁইয়া।
**Ans : A.**

**57. বিবাহোত্তর বসবাসের প্রেক্ষিতে কোনটি পরিবারের ধরন?**

A. নয়াবাস পরিবার B. যৌথ পরিবার
C. বর্ধিত পরিবার D. পিতৃপ্রধান পরিবার

ব্যাখ্যা : • বিবাহোত্তর বসবাসের ভিত্তিতে পরিবার তিন প্রকার।
• যথা: পিতৃবাস পরিবার, মাতৃবাস পরিবার, নয়াবাস পরিবার।
• পিতৃতান্ত্রিক সূত্র নববিবাহিত দম্পতিকে স্বামীর ঘরে ও সংসারে বসবাসের প্রথার সঙ্গে যুক্ত করে।
• এই উপ-প্রথাসমূহ অনেকগুলো খণ্ডরূপে প্রতিফলিত, যেমন বাড়ি, পাড়া এবং সমাজ যেখানে মানবগোষ্ঠী সাধারণভাবে সামাজিক, আর্থিক ও ধর্মীয় সুবিধাদি লভ্য।
**Ans : A.**

**58. পলিগামি কি?**

A. দলগত বিয়ে B. জোড় বিয়ে
C. বহু বিবাহ D. বাল্য বিয়ে

ব্যাখ্যা : • বিবাহ হল একটি সামাজিক বন্ধন বা বৈধ চুক্তি যার মাধ্যমে দু'জন মানুষের মধ্যে দাম্পত্য সম্পর্ক স্থাপিত হয়
• polygamy অর্থ বহুবিবাহ প্রথা বা বহুগামিতা।
**Ans : C.**

**59. সমাজ পরিবর্তনের প্রাকৃতিক উপাদান কোনটি?**

A. নদী ভাঙ্গন B. দেশভ্রমন C. গণমাধ্যম D. গড় আয়ু

ব্যাখ্যা : • সমাজ পরিবর্তনের প্রাকৃতিক উপাদান সমূহ হলো - আকস্মিক ভৌগলিক পরিবর্তন, জলবায়ু পরিবর্তন, বৈশ্বিক উষ্ণায়ন, নদী ভাঙ্গন প্রভৃতি।
• প্রাকৃতিক দুর্যোগ মূলত স্বাভাবিক প্রাকৃতিক নিয়মের মধ্যে ব্যতিক্রম ঘটনা বা ঘটনাবলী।
• প্রাকৃতিক দুর্যোগ পরিবেশের ভারসাম্য নষ্ট করে।
• তখন পরিবেশের সাথে সামঞ্জস্য বিধানের জন্য নতুন পদ্ধতি অবলম্বন এর প্রয়োজন দেখা দেয়।
• এর ফলে মানুষের মাঝে সামাজিক পরিবর্তন ঘটে।
• যেমন, নদী ভাঙ্গন এই দেশের শহর অঞ্চলে বস্তি সমস্যা সৃষ্টির অন্যতম কারণ।
**Ans : A.**

**60. বাংলাদেশের মারমা জনগোষ্ঠীর মধ্যে কোন ধরনের পারিবারিক ব্যবস্থা বিদ্যমান?**

A. ট্রাইবাল চীফ শাসিত B. মাতৃপ্রধান
C. গোষ্ঠীপ্রধান D. পিতৃপ্রধান

ব্যাখ্যা : • বাংলাদেশের উপজাতির সংখ্যা ৩১ টি। (উপজাতি পরিষদের মতে ৪৫ টি)।
• এরমধ্যে গারো এবং খাসিয়া উপজাতি মাতৃপ্রধান।
• অন্যান্য বেশিরভাগ উপজাতি পিতৃপ্রধান।
**Ans : D.**

**61. ঢাকা-চট্টগ্রামে রেলপথের ধরন কিরূপ?**

A. ব্রডগেজ B. মিটার গেজ C. ন্যারোগেজ D. এক্সট্রাগেজ

ব্যাখ্যা : • ব্রডগেজ লাইন প্রস্থে ১৬৭৬ মিলিমিটার কিংবা সাড়ে পাঁচ ফুট।
• ঢাকার সাথে উত্তরাঞ্চলের রেল সংযোগ ব্রডগেজ।
• মিটারগেজ লাইন প্রস্থে ১০৬৭ মিলিমিটার কিংবা সাড়ে তিন ফুট।
• ঢাকার সাথে উত্তরাঞ্চল ব্যতীত অন্য সকল জেলার সংযোগ মিটার গেজে।
**Ans : B.**

**62. বাংলাদেশের সর্ব উত্তরের জেলা থেকে হিমালয়ের কোন শৃঙ্গ দেখা যায়?**

A. কাঞ্চনজঙ্ঘা B. চিমুক
C. এভারেষ্ট D. কেওকারাডং

ব্যাখ্যা : • মাউন্ট এভারেস্ট এবং $K_2$ এর পরে পৃথিবীর তৃতীয় উচ্চতম পর্বত শৃঙ্গ কাঞ্চনজঙ্ঘা।
• এর উচ্চতা ৮৫৮৬ মিটার বা ২৮,১৬৯ ফুট।
• বাংলাদেশের সর্ব উত্তরের জেলা পঞ্চগড় থেকে কাঞ্চনজঙ্ঘা দেখা যায়।
• এটি ভারতের সিকিম রাজ্যের সঙ্গে নেপালের পূর্বাঞ্চলীয় সীমান্তে অবস্থিত।
• এর পশ্চিমে তামুর নদী, উত্তরে লহনাক চু নদী এবং জংসং লা শৃঙ্গ, এবং পূর্বদিকে তিস্তা নদী অবস্থিত।
**Ans : A.**

**63. পৃথিবীর আলোকিত ও অন্ধকার অংশের মধ্যবর্তী বৃত্তকার অংশকে কি বলে?**

A. কুমেরুবৃত্ত B. নিরক্ষরেখা
C. ছায়াবৃত্ত D. সুমেরুবৃত্ত

ব্যাখ্যা : • আলো ও অন্ধকারের সীমানা বরাবর যে কাল্পনিক বৃত্ত রেখা তৈরি হয় তাকে ছায়া বৃত্ত বলে।
• একটি নির্দিষ্ট বিন্দুকে কেন্দ্র করে থেকে সমান দূরত্বে এবং একই সমতলে অবস্থিত সমস্ত বিন্দুর সংকলনই বৃত্ত।
• বৃত্তের অবস্থিত সকল বিন্দু কেন্দ্র থেকে সমদূরত্বে অবস্থিত।
**Ans : C.**

**64. নিরক্ষরেখা পৃথিবীকে কিভাবে বেষ্টন করেছে?**

A. পূর্ব-দক্ষিণে B. পূর্ব-পশ্চিমে
C. উত্তর-দক্ষিণে D. উত্তর-পশ্চিমে

ব্যাখ্যা : • দুই মেরু থেকে সমান দূরত্বে পৃথিবীকে বেষ্টনকারী রেখাকে বলা হয় নিরক্ষরেখা বা বিষুব রেখা।
• এ অক্ষরেখার উত্তর-প্রান্ত বিন্দুকে উত্তর মেরু বা সুমেরু এবং দক্ষিণ-প্রান্ত বিন্দুকে দক্ষিণ মেরু বা কুমেরু বলে।
• দুই মেরু থেকে সমান দূরত্ব পৃথিবীকে পূর্ব-পশ্চিমে বেষ্টন করে যে রেখা কল্পনা করা হয় তাকে বলা হয় নিরক্ষরেখা বা বিষুবরেখা।
• পৃথিবীর গোলীয় আকৃতির জন্য এ রেখা বৃত্তাকার, তাই এ রেখাকে নিরক্ষবৃত্তও বলা হয়।
**Ans : B.**

**65. প্রথম বাঙ্গালী মুসলমান চলচ্চিত্রকার কে?**

A. কাজী নজরুল ইসলাম B. গোলাম মোস্তফা
C. সৈয়দ মুজতবা আলী D. মীর মশাররফ হোসেন

ব্যাখ্যা : • প্রথম বাঙালি মুসলমান চলচ্চিত্রকার কাজী নজরুল ইসলাম।
• ১৯৩৪ সালে "ধ্রুবক" নামের চলচ্চিত্র কাজী নজরুল ইসলাম সত্যেন্দ্রনাথ দে এর সাথে যৌথভাবে পরিচালনা করেন।
• মুক্তির পর এই চলচ্চিত্রের গানগুলো ব্যাপক জনপ্রিয়তা পায়।
• এই চলচ্চিত্রে ১৮টি রিল ব্যবহৃত হয়েছিল যার মধ্যে ২টি বাংলাদেশ ফিল্ম আর্কাইভসে রয়েছে।
**Ans : A.**

## বুদ্ধিমত্তা

**66. নিচের এলোমেলো শব্দগুলো সঠিকভাবে সাজালে একটি অর্থপূর্ণ ব্যাখ্যা গঠিত হবে। উক্ত বাক্যের শেষ শব্দের শেষ বর্ণটি কি? Blew wind the strong a ship.**

A. d B. e C. p D. g

ব্যাখ্যা : A strong wind blew the ship.
(A strong wind = Subject, blew = verb, the ship = object)
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**67. It is impossible for a diamond-**

A. to be transparent
B. to be the hardest substance
C. to be soft
D. to be in crystallized form

ব্যাখ্যা : Diamond is the hardest substance on earth. It has a crystalized structure and it is transparent to light. It is impossible for a diamond to be soft.
**Ans : C.**

**68. নিচের কোন বর্ণগুচ্ছ দিয়ে অর্থপূর্ণ শব্দ তৈরি করা যায়?**

A. m o e c d a r y c
B. p o e c d a r c y
C. c y r c a d e s m
D. c y r c a d p s c

ব্যাখ্যা : অর্থপূর্ণ শব্দটি Democracy অর্থ : গণতন্ত্র।
**Ans : A.**

**69. 'সুবর্ণ' অর্থ স্বর্ণ হলে 'সুবর্ণ মধ্যক' অর্থ কি?**

A. গাণিতিক মধ্যমান
B. দু'টি চরমপন্থার মধ্যবর্তী পন্থা
C. সম্ভাব্য সব ধরনের কাজের মাধ্যম
D. একটি দার্শনিক সম্প্রদায়ের নাম

ব্যাখ্যা : "সুবর্ণ মধ্যক" বা Golden mean বলতে বোঝায় দুটি চরমপন্থার মধ্যবর্তী পন্থাকে। এরিস্টটল এই ধারণার প্রবর্তক।
**Ans : B.**

**70. কোনটি পৃথক?**

A. সিডনি B. টরেন্টো C. নিউইয়র্ক D. রোম

ব্যাখ্যা : একমাত্র রোম-ই রাজধানী শহর, বাকিগুলোর কোনটিই রাজধানী নয়।
**Ans : D.**

**71. কোনটি পৃথক?**

A. Malala Yousufzai
B. Jacinda Kale Ardern
C. Tu Youyou
D. Alice Munro

ব্যাখ্যা :
Malala Yousufzai → (Pakistani)
Nobel Peace Prize Winner (2014)
Alice Munro → (Canadian short story writer)
Nobel Prize in Literature (2013)
Tu Youyou → (Chinese Pharmaceutical Chemist)
Nobel Prize in Medicine (2015)
Jacinda Kale Arden → (Prime Minister, New Zeland)
Did not win a nobel Prize yet.
**Ans : B.**

**72. কোন যুগলটি পৃথক?**

A. Hard : Soft
B. Sweet : Sour
C. Long : High
D. Sharp : Blunt

ব্যাখ্যা : Long : High যুগলটি ব্যতীত বাকি যুগল ৩টি বিপরীতার্থক।
**Ans : C.**

**73. In Bangladesh a widow can marry her brother in law although a man cannot marry the sister of his dead wife.**

A. always B. never C. often D. sometimes

ব্যাখ্যা : যেহেতু বাংলাদেশে প্রশ্নে উল্লেখিত দু'রকমের বিয়ের নিয়মই প্রচলিত আছে। তাই অপশন B সঠিক হবে।
**Ans : B.**

**74. Which one of the following is always associated with 'Democracy'?**

A. Party B. Leader C. Voting D. Politics

ব্যাখ্যা : Democracy জনগণের শাসন। ভোটাধিকার প্রয়োগের মাধ্যমে জনগণ রাষ্ট্র পরিচালনায় অংশ নেয়।
**Ans : C.**

**75. কোন উত্তরটি প্রদত্ত শব্দগুচ্ছকে নির্দেশ করে?**
**যোগ্যতা, স্থবিরতা, দূরদর্শীতা, শূন্যতা, চঞ্চলতা, নীরবতা**

A. যো দূ স্থ চ শূ নী
B. যো চ দূ শূ স্থ নী
C. যো স্থ দূ শূ চ নী
D. যোগ স্থ নী চ দূ শূ

ব্যাখ্যা : প্রতিটি শব্দের আদ্যক্ষর নিয়ে অপশন (C) পাই।
**Ans : C.**

**76. জঙ্গিবাদের কারণ নয় কোনটি?**

A. কোন গোষ্ঠীর চরম রাজনৈতিক বা উগ্র ধর্মীয় চেতনা
B. জীবন জগত সম্পর্কে ত্রুটিপূর্ণ ধারণা
C. ধর্মীয় অজ্ঞতা ও উগ্র চেতনা
D. রাজনৈতিক ও ধর্মীয় ধারণার সঠিক ব্যাখ্যা

ব্যাখ্যা : রাজনৈতিক ও ধর্মীয় ধারণার সঠিক ব্যাখ্যা জঙ্গিবাদের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলে।
**Ans : D.**

**77. চাকরিতে স্বজন প্রীতি বা ঘুষের বিনিময়ে যদি অযোগ্যরা নিয়োগ ও পদোন্নতি পায় তাহলে-**

A. যোগ্যরা অধিকার থেকে বঞ্চিত হয়
B. দেশের প্রভূত উন্নতি সাধিত হয়
C. ন্যায় বিচার প্রতিষ্ঠিত হয়
D. কল্যাণমুখী সমাজ গঠিত হয়

ব্যাখ্যা : স্বজনপ্রীতির কারণে যোগ্য পদপ্রার্থীর বঞ্চিত হয়।
**Ans : A.**

**78. টি টুয়েন্টি ক্রিকেটে ষোলটি দল নক আউট পদ্ধতিতে ফাইনাল পর্যন্ত খেললে মোট কয়টি ম্যাচ অনুষ্ঠিত হবে?**

A. ৮ B. ১২ C. ১৫ D. ১৬

ব্যাখ্যা : ১৬ দল ম্যাচ খেলে = ৮টি। এই ৮ ম্যাচের বিজয়ীরা ম্যাচ খেলে = ৪টি। এই চার ম্যাচের বিজয়ীরা ম্যাচ খেলবে = ২টি। এবং এ দুটি দলের মধ্যে ফাইনাল হবে ১টি। সুতরাং, মোট ম্যাচের সংখ্যা = ৮ + ৪ + ২ + ১ = ১৫টি।
**Ans : C.**

**79. Find out the sixth consonant order from the word 'ELECTRIFICATION'.**

A. L
B. C
C. T
D. R

ব্যাখ্যা :

E L E C T R I F I C A T I O N
T ↓ 6, R ↓ 5, F ↓ 4, C ↓ 3, T ↓ 2, N ↓ 1

**Ans : C.**

**80. Select the meaningful sequence-**

A. Family → Socialization → Marriage → Children
B. Socialization → Family → Marriage → Children
C. Children → Family → Marriage → Socialization
D. Marriage → Family → Children → Socialization

ব্যাখ্যা : Marriage leads to a new family. Children are born in the family and the socialization process of children begins later.
**Ans : D.**

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (B Unit)
### শিক্ষাবর্ষ : 2018-2019 [Set - M]

### বাংলা

**01. 'সবার উপর মানুষ সত্য তাহার উপর নাই'- এই উক্তিটি কার?**

A. রবীন্দ্রনাথ ঠাকুর B. জসিম উদ্দিন
C. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর D. চণ্ডীদাস

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু উক্তি ও প্রবক্তার নাম:**
- সবার উপর মানুষ সত্য, তাহার উপর নাই - চণ্ডীদাস।
- আমাদের সংগ্রাম চলবেই - সিকান্দার আবু জাফর।
- সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত - প্রমথ চৌধুরী।
- এ ভরা বাদর মাহ ভাদর শূণ্য মন্দির মোর - বিদ্যাপতি।
- মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী আর হাতে রণ-তূর্য - কাজী নজরুল ইসলাম।
- মরিতে চাহিনা আমি সুন্দর ভুবনে - রবীন্দ্রনাথ ঠাকুর।
- বাঁচতে হলে লাঙ্গল ধর রে আবার এসে গাঁয় - শেখ ফজলুল করিম।

**Ans : D.**

**02. কোন রীতি সর্বনাম ও ক্রিয়া পদের বিশেষ গঠন পদ্ধতি মেনে চলে?**

A. সাধু B. চলিত
C. কথ্য D. উপভাষা

**ব্যাখ্যা : সাধুরীতির গুরুত্বপূর্ণ কিছু বৈশিষ্ট্য :**
- সাধুভাষা প্রথম পাওয়া যায় - ১৫৫৫ সালের একটি চিঠিতে।
- এ ভাষার ব্যাপক প্রচলন শুরু হয় - ১৯ শতকে।
- এ ভাষায় ভাটা পরে - ২০ শতকে।
- এ ভাষার প্রবর্তক - রাজা রামমোহন রায়।
- সাধুভাষায় তৎসম শব্দবহুল এবং এর পদবিন্যাস - সুনিয়ন্ত্রিত।
- এ ভাষার নমুনা পাওয়া যায় - মধ্যযুগে দলিল দস্তাবেজে।
- এ ভাষার সর্বনাম ও ক্রিয়াপদ - দীর্ঘ।

**Ans : A.**

**03. 'কঠিন বিষয় আয়ত্ত করা' বোঝাতে কোন বাগধারা ব্যবহৃত হয়?**

A. দাঁত ফোটানো B. অবরে সবরে
C. ডাকা বুকো D. গাছ পাথর

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু বাগধারা :**

| | | | |
|---|---|---|---|
| দাঁত ফোটানো | কঠিন বিষয় আয়ত্ত করা | উজানের কৈ | সহজলভ্য |
| ডাক বুকো | নির্ভীক | কেউ কেটা | গণ্যমান্য |
| গাছপাথর | হিসাব নিকাশ | ঢাকের কাঠি | তোষামুদে |
| অবরে সবরে | কালে ভদ্রে | ঢাকের বাঁয়া | মূল্যহীন |
| অজগর বৃত্তি | আলসেমি | নদের চাঁদ | অপদার্থ |

**Ans : A.**

**04. 'আহব' শব্দের অর্থ কি?**

A. আহবান B. আগমন
C. অস্ত্রশস্ত্র D. যুদ্ধ

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু সমার্থক শব্দ :**

| | | | |
|---|---|---|---|
| আহব | যুদ্ধ | তস্কর | চোর |
| মজাইলা | বিপদগ্রস্থ করলে | তাত | পিতা/পিতৃব্য |
| তেঁই | তজ্জন্য/সেহেতু | স্থাণু | নিশ্চল |
| মন্দ্র | শব্দ/ধ্বনি | দুর্মতি | অসৎ/মন্দবুদ্ধি |
| বলী | বলবান/বীর | পশিল | প্রবেশ করল |

**Ans : D.**

**05. 'Bona Fide' শব্দের সঠিক বাংলা পরিভাষা কোনটি?**

A. দালালি B. লঙ্ঘন
C. মুষ্টিযুদ্ধ D. প্রকৃত

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু পারিভাষিক শব্দ :**

| | | | |
|---|---|---|---|
| Bona-Fide | প্রকৃত | Caption | শিরোনাম |
| Air-mail | বিমান ডাক | Cheque | হুন্ডি |
| Bank rupt | দেওলিয়া | Subside | ভর্তুকি |
| Civil war | গৃহযুদ্ধ | Sanction | অনুমোদন |
| Burea | সংস্থা | Rank | পদমর্যাদা |

**Ans : D.**

**06. 'আরো কথা আছে'- বাক্যটির নেতিবাচক সঠিক রূপ কোনটি?**

A. আরো কথা বলবো B. কথা শেষ হয়নি
C. আরো না বলা কথা আছে D. কথা শেষ না হলে যাবে না

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু বাক্য রূপান্তর :**

| অস্তিবাচক | নেতিবাচক |
|---|---|
| • আরো কথা আছে। | • কথা শেষ হয়নি। |
| • সে কথাই এরা ভাবে। | • সে কথাই এরা না ভেবে পারে না। |
| • তুমি আবার এসো। | • তুমি আবার না এলে হবে না। |
| • ওরা তোমাকে পাঠাইছে। | • ওরা ছাড়া কেউ তোমাকে পাঠায়নি। |
| • আজকাল সব জিনিসই দুর্লভ। | • আজকাল কোন জিনিসই সুলভ নয়। |

**Ans : B.**

**07. নিম্নোক্ত কোন শব্দগুচ্ছ সঠিক?**

A. আমাবস্যা, অভিবাস B. অমাবস্যা, অভীভাসন
C. অমাবস্যা, অভিবাসন D. আমাবস্যা, অভিবাশন

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু শুদ্ধ বানান :**

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| আমাবস্যা | অমাবস্যা | রেশারেশি | রেষারেষি |
| অভীবাসন | অভিবাসন | ন্যাক্কার | ন্যক্কার |
| সুক্ষ | সূক্ষ্ম | হিরন্ময় | হিরণ্ময় |
| প্রোজ্বলন | প্রজ্বলন | ভাষ্কর | ভাস্কর |
| উন্নাষিক | উন্নাসিক | অদ্যবধি | অদ্যাবধি |

**Ans : C.**

**08. কোনগুলো স্পর্শধ্বনি?**

A. 'অ' থেকে 'চ' পর্যন্ত B. 'চ' থেকে 'ক' পর্যন্ত
C. 'ক' থেকে 'ম' পর্যন্ত D. 'ট' থেকে 'য়' পর্যন্ত

**ব্যাখ্যা : ধ্বনি ও বর্ণ সম্পর্কিত গুরুত্বপূর্ণ কিছু তথ্য–**
- বাংলা বর্ণমালায় মোট বর্ণ ৫০টি কিন্তু মোট ধ্বনি ৩৭টি।
- মৌলিক ধ্বনি - ০৭টি (অ, আ, ই, উ, এ, এ্যা, ও)।
- যৌগিক স্বরবর্ণ - ০২টি ( ঐ, ঔ)।
- যৌগিক স্বরধ্বনি - ২৫টি।
- ব্যঞ্জন ধ্বনি - ৩০টি।
- ব্যঞ্জন বর্ণ - ৩৯টি।
- স্পৃষ্ট, স্পৃষ্ট ধ্বনি - ২৫টি (ক - ম পর্যন্ত)।
- পরাশ্রয়ী ব্যঞ্জন বর্ণ - ০৩টি (ং, ঃ, ঁ)।

**Ans : C.**

**09. 'মৃগলোচনা' শব্দটি কোন ধরনের বহুব্রীহি সমাস?**

A. ব্যতিহার B. সহার্থক
C. মধ্যপদ লোপী D. অলুক

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু বহুব্রীহি সমাস :**
- মৃগের ন্যায় লোচন যে নারীর - মৃগলোচনা। (মধ্যপদলোপী বহুব্রীহি)
- হৃত/হৃত হয়েছে সর্বস্ব যার - হৃতসর্বস্ব। (সমানাধিকরণ বহুব্রীহি)
- বোঁটা খসেছে যার - বোঁটাখসা। (ব্যধিকরণ বহুব্রীহি)
- নেই আশ্রয় যার - অনাশ্রিত। (নঞ বহুব্রীহি)
- নরাকারে পশু যে - নরপশু। (নিপাতনে সিদ্ধ বহুব্রীহি)

**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**10.** প্রত্যয়গতভাবে শুদ্ধ কোনটি?
A. উৎকর্ষতা B. উৎকর্ষ C. উৎকৃষ্ট D. উৎকৃষ্টতা

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু শুদ্ধ প্রয়োগ :

| অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপ প্রয়োগ | শুদ্ধ প্রয়োগ |
|---|---|---|---|
| উৎকর্ষতা | উৎকর্ষ | ঐশর্য | ঐশ্বর্য |
| কৃচ্ছতা | কৃচ্ছ | মনক্ষুণ্ন | মনঃক্ষুণ্ন |
| উৎকৃষ্টতা | উৎকৃষ্ট | পিচাশিনী | পিশাচী |
| বুৎপত্তি | ব্যুৎপত্তি | মনিষী | মনীষী |
| সম্বলিত | সংবলিত | সন্ধিহান | সন্দেহ |
| দৈন্যতা | দৈন্য | | |

**Ans : B & C.**

## English

**11.** **Verb of 'Honour' is-**
A. Honour B. Honouray
C. Honourable D. Honourably

ব্যাখ্যা : Honour এর noun এবং verb একই।
Honour (N.) - সম্মান
Honour (V.) সম্মান করা
Honourable (Adj.) - সম্মানীত
Honourably - সম্মানের সাথে
সুতরাং, Honour এর verb Honour হবে।
**Ans : A.**

**12.** **Find the incorrect word from the following sentence. After Rakib eaten dinner, he wrote several letters and went to bed.**
A. eaten B. wrote C. letters D. went

ব্যাখ্যা : After দ্বারা দুটি sentence যুক্ত হলে, After যুক্ত sentence Past Perfect হবে এবং অন্য sentence Past Indefinite হয়।
**Structure :** After + Past Perfect....., Past Indefinite
**Example :** After the patient had died, the doctor came.
অনুরূপভাবে, এখানে সঠিক form হবে-
After Rakib had eaten dinner, he wrote several letters and went to bed.
**Ans : A.**

**13.** **Which one is the correct antonym of 'Destitute'?**
A. Cheerful B. Wasteful C. Rich D. Alert

ব্যাখ্যা : Destitute - গরিব/বঞ্চিত
**Synonyms :** Poor, Needy, Penniless, Poverty, Stricken.
**Antonyms :** Rich, Affluent, Moneyed, Wealthy.
**Ans : C.**

**Read the sentences and fill in the blank with appropriate words (Questions 14-16) :**
The school principal tried to (14)___ the police not to (15)___ the boys for what had been a momentary lapse in their good behaviour. The police department and the school authority came to an (16)____ on this issue as well as setting strategies for future cooperation.

**14.** A. present B. preserve
C. persuade D. response

ব্যাখ্যা : Present - বর্তমান Preserve - সংরক্ষণ
Persuade - বিশ্বাস করানো Response - সাড়া দেওয়া
এখানে, শিক্ষক পুলিশকে বুঝাতে বা বিশ্বাস করাতে চাইলো বুঝাতে Persuade হবে।
**Ans : C.**

**15.** A. resque B. prosecute
C. request D. response

ব্যাখ্যা : Resque - উদ্ধার করা।
Prosecute - নালিশ বা অভিযুক্ত করা।
Request - অনুরোধ করা।
Response - সাড়া দেওয়া।
এখানে, ছেলেগুলোকে অভিযুক্ত না করার কথা বুঝাতে Prosecute হবে।
**Ans : B.**

**16.** A. agreed B. anger
C. agreement D. mutual

ব্যাখ্যা : Agreed - রাজি হয়েছে Anger - রাগ
Agreement - চুক্তি/সমঝোতা Mutual - পারস্পরিক
এখানে, পুলিশ এবং স্কুল কর্তৃপক্ষ সমঝোতায় এসেছে বুঝাতে agreement হবে।
**Ans : C.**

**17.** **Which one of the following sentences is correct?**
A. Well, it's many years since we first met. How time does fly!
B. Well, its many years since we first met. How time does fly!
C. Well, its many years since we first met. How time does fly?
D. Well, it many years during we first met. How time does fly?

ব্যাখ্যা : Option (B) এবং (C) তে Its দেওয়া হয়েছে যা it এর Possessive form. তাই এখানে verb নেই।
Option (D) তে verb নেই।
Option (A) তে It's আছে, যা It is এর সংক্ষিপ্ত রূপ।
**Ans : A.**

**18.** **Fill in the blank. At the cafeteria Salina ate ___ sandwiches as Rubina.**
A. three times as much as
B. three times as many as
C. three times as much
D. three times as many

ব্যাখ্যা : দুইজনের পরিমাণ এর তুলনা বুঝাতে Countable Noun এর জন্য as many as বসে।
**Structure :** Sub(1) + verb + as many + noun + as + sub(2)
**Example :** I have as many pens as Jon.
অনুরূপভাবে এখানে, At the Cafeteria Salina ate three times as many sandwiches as Rubina হবে।
**Ans : D.**

**19.** **The synonym of 'Entitle' is-**
A. empower B. power
C. disqualify D. none of above

ব্যাখ্যা : Entitle - অধিকার/ক্ষমতা প্রদান করা।
**Synonym :** Empower, Authorize, Enable, Privilege
**Antonym :** Disqualify, Disable
**Ans : A.**

**20.** **Find the parts of speech of the underlined word. Depression is often hereditary.**
A. adverb B. adjective C. verb D. noun

ব্যাখ্যা : Hereditary (Adj.) - বংশগত
এখানে, Hereditary একটি Adj. কারণ এটি Depression (N.) কে Modify করে।
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোস•কেয়ার

**21.** **Gazi Pir is usually depicted____ pats or scroll painting riding a fierce- looking Bengal Tiger, a snake___ his hand, but___ no apparent danger.**

A. in, in, in B. in, at, of
C. in, to, of D. in, in, with

ব্যাখ্যা : English textbook class (11-12)এর page-116 থেকে অনুচ্ছেদটি নেওয়া হয়েছে।
এখানে, He is usually depicted in past or scroll painting riding a fierce looking Bengali tiger a snake in his hand, but in no apparent danger.
**Ans : A.**

**22.** **Find out the correct spelling from the following set of words.**

A. Explenation, Embarrssment
B. Commision, Personale
C. Extension, Palentology
D. Efflorescence, Voluntary

ব্যাখ্যা : এখানে, option D এর word গুলো correctly spelt.
**কিছু গুরুত্বপূর্ণ spelling -**

| | |
|---|---|
| Efflorescence | Voluntary |
| Committee | Archeology |
| Explanation | Commission |
| Paleontology | Assassination |

**Ans : D.**

**23.** **In English grammar,___ deals with the arrangement of words and phrases to create well-formed sentences in a language?**

A. Syntax B. Morphology
C. Semantics D. Etymology

ব্যাখ্যা : Morphology - The study of internal structure of words.
**Ans : B.**

**24.** **People living in the periphery are mostly ignored. Here the word 'periphery' means-**

A. Off-shore areas B. Backward areas
C. Remote areas D. edge areas

ব্যাখ্যা : Periphery - সীমান্তবর্তী, চৌহদ্দি।
Off-shore - সমুদ্র হতে দূরবর্তী।
Backward - পিছিয়ে পড়া।
Remote - দূরবর্তী।
Edge - কিনারা বা তীর।
**Periphery এর Synonym ও Antonym :**
**Synonym :** Edge, Margin, Fringe, Boundary, Border
**Antonym :** Center, Middle, Heart
এখানে, Periphery এর মানে edge বুঝায়।
**Ans : D.**

**25.** **What is the singular form of 'Memorandum'?**

A. Memorandums B. Memoranda
C. Memorandumes D. Memorandum


ব্যাখ্যা : Memorandum (N.) - স্মারকলিপি (এটি Singular)
Memoranda - স্মারকলিপি সমূহ (এটি Plural)
**Ans : D.**

## সাধারণ গণিত

**26.** **একটি নদীর এক তীরে অবস্থিত কোনো বিন্দুতে অপর তীরে অবস্থিত 150 মিটার উঁচু একটি গাছের শীর্ষ বিন্দুর উন্নতি কোণ 60° নদীটির প্রস্থ কত?**

A. 46.2 মিটার B. 72.6 মিটার
C. 81.4 মিটার D. 86.6 মিটার

ব্যাখ্যা :




$\therefore \tan 60° = \frac{150\text{ m}}{\text{প্রস্থ}}$

$\therefore \text{প্রস্থ} = \frac{150}{\tan 60°} = \frac{150\text{m}}{\sqrt{3}} = 86.6\text{ m}$

**Ans : D.**

**27.** **$x + y = 14$ হলে $xy$ এর সর্বোচ্চ মান কত?**

A. 102 B. 186
C. 196 D. 49

ব্যাখ্যা : $x + y = 14$

$\therefore \frac{d}{dx}(x+y) = 0$

$\therefore 1 + \frac{dy}{dx} = 0$

$\therefore \frac{dy}{dx} = -1$

আবার, সর্বোচ্চ মানের জন্য, $\frac{d}{dx}(xy) = 0$

$\therefore x.\frac{dy}{dx} + y = 0$

$\therefore x.(-1) + y = 0$

$\therefore -x + y = 0$

$\therefore x = y$

$\therefore$ xy এর মান সর্বোচ্চ হবে, যদি $x + x = 14$ [$\because x = y$]

$\therefore x = 7$ হবে।

$\therefore x = y = 7$

$\therefore$ xy এর সর্বোচ্চ মান $= 7 \times 7 = 49$

**Ans : D.**

**28.** **একটি সমবাহু ত্রিভুজের পরিসীমা 117 সে.মি. হলে বাহুর দৈর্ঘ্য কত?**

A. 39 সে.মি. B. 29 সে.মি.
C. 32 সে.মি. D. 3 সে.মি.

ব্যাখ্যা : সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য x হলে, পরিসীমা $\Rightarrow 3x = 117$

$\therefore x = 39$

**Ans : A.**

শিক্ষার সবকিছু প্যাকেশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**29.** এক ব্যক্তি প্রাইভেট কার যোগে ঘন্টায় 60 কি.মি. বেগে কিছু দূর অতিক্রম করার পর ঘন্টায় 40 কি.মি. বেগে অবশিষ্ট পথ অতিক্রম করেন। উক্ত ভ্রমণে তিনি 5 ঘন্টায় মোট 240 কি.মি. পথ অতিক্রম করেন। ঐ ব্যক্তি 60 কি.মি. বেগে কতদূর গিয়েছিলেন।

A. 90 B. 100
C. 120 D. 130

ব্যাখ্যা : ধরি, 60 কি.মি. বেগে x কি.মি গিয়েছিলেন

$\therefore$ 60 কি.মি. যান 1 ঘন্টায়

$\therefore$ 1 কি.মি. যান $\frac{1}{60}$ ঘন্টায়

$\therefore$ x কি.মি. যান $\frac{x}{60}$ ঘন্টায়

$\therefore$ বাকি $(240-x)$ কি.মি. পথ $\left(5-\frac{x}{60}\right)$ ঘন্টায় যান।

$\therefore$ বেগ $=\dfrac{240-x}{5-\frac{x}{60}}$

প্রশ্নমতে, $\dfrac{240-x}{5-\frac{x}{60}}=40$

$\dfrac{240-x}{\frac{300-x}{60}}=40$

$\dfrac{{}^{3}60\times(240-x)}{300-x}=40^{2}$

$720-3x=600-2x$

$120=x$

$\therefore$ 120 কি.মি. যান 60 কি.মি. বেগে।

**Ans : C.**

**30.** $g(x)=x^2-3x-10$ হলে, x এর কোন মানের জন্য $g(x)=0$ হবে?

A. −2, 5 B. 2, 5
C. 2, −5 D. −2, −5

ব্যাখ্যা : $g(x)=x^2-3x-10=0$

$\therefore x^2-5x+2x-10=0$

$\Rightarrow x(x-5)+2(x-5)=0$

$\Rightarrow (x-5)(x+2)=0$

$\therefore x=5, x=-2$

**Ans : A.**

**31.** ত্রিভুজের দুইটি কোণ যথাক্রমে 30° ও 60° হলে, ত্রিভুজটি কোন ধরনের?

A. সমবাহু B. সমকোণী
C. সমদ্বিবাহু D. সূক্ষ্মকোণী

ব্যাখ্যা : ত্রিভুজের দুইটি কোণে 30° ও 60° হলে, অপর কোণটি

$\Rightarrow 180^\circ-(30^\circ+60^\circ)=180^\circ-90^\circ=90^\circ$

$\therefore$ ত্রিভুজটি সমকোণী

**Ans : B.**

**32.** পরবর্তী মৌলিক সংখ্যা কোনটি? 127, 131, 137, 139, ----

A. 143 B. 147
C. 149 D. 151

ব্যাখ্যা : $143=11\times3$

$147=7\times21$

$\therefore$ পরবর্তী মৌলিক সংখ্যাটি হবে 149

**Ans : C.**

**33.** কোন একটি সমবায়ের মোট সদস্য সংখ্যা 56 যাদের 25% নারী। নারী সদস্যদের মধ্যে মোট 6 জন সেলাই কাজের সাথে সম্পৃক্ত। উক্ত সমবায়ের মোট সদস্য সংখ্যার কত অংশ সেলাই কাজের সাথে সম্পৃক্ত নয়?

A. $\frac{1}{4}$ B. $\frac{1}{7}$
C. $\frac{1}{8}$ D. $\frac{3}{8}$

ব্যাখ্যা : নারী সদস্য $= {}^{14}56\times\dfrac{25}{100^{4}}=14$

$\therefore$ সেলাই এর সাথে সম্পৃক্ত নয় $=14-6=8$ জন

$\therefore$ সমবায়ের মোট সদস্য সংখ্যা $=\frac{8}{56}$ অংশ $=\frac{1}{7}$ অংশ

**Ans : B.**

**34.** একটি জমিতে সেচের সুযোগ আসার আগে ও পরের ফলনের অনুপাত 4:7। ঐ জমিতে আগে 304 মণ ধান ফলতো, সেচ পাওয়ার পর তার ফলন কত হবে?

A. 500 মণ B. 532 মণ
C. 552 মণ D. 582 মণ

ব্যাখ্যা : ধরি, সেচ পাওয়ার পর ফলন x

প্রশ্নমতে, $\frac{304}{x}=\frac{4}{7}$

$\therefore x=\frac{7\times304}{4}=7\times76=532$

**Ans : B.**

**35** $x^4-x^2+1=0$ হলে $x^2+\frac{1}{x^2}$ কত ?

A. 7 B. 3 C. 1 D. 0

ব্যাখ্যা : $x^4-x^2+1=0$

$x^4+1=x^2$

$x^2+\frac{1}{x^2}=1$ [$x^2$ দিয়ে ভাগ করে]

**Ans : C.**

**36** যদি একটি সংখ্যার $\frac{1}{4}$ অংশ 2 হয়, তবে ঐ সংখ্যাটির $\frac{1}{2}$ অংশ কত হবে?

A. $\frac{1}{8}$ B. $\frac{1}{4}$
C. 1 D. 4

ব্যাখ্যা : ধরি, সংখ্যাটি x

প্রশ্নমতে, $x\times\frac{1}{4}=2$

$\therefore x=8$

$\therefore x\times\frac{1}{2}=8\times\frac{1}{2}=4$

**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেরিয়ার

**37.** 70 এর কত শতাংশ (%) 42 হবে?

A. 57% B. 60% C. 67% D. 70%

ব্যাখ্যা : ধরি, 70 এর x শতাংশ 42

$\therefore 70 \times \frac{x}{100} = 42$

$\therefore x = \frac{100 \times 42^6}{70} = 60$

**Ans : B.**

**38.** দুটি সংখ্যার গড় 2x। তাদের মধ্যে একটি সংখ্যা y হলে অপর সংখ্যাটি কত হবে?

A. $x + y$ B. $2x + y$
C. $4x - y$ D. $4x + y$

ব্যাখ্যা : ধরি, অপর সংখ্যাটি z

প্রশ্নমতে, $\frac{y+z}{2} = 2x$

$\therefore y + 2 = 4x$

$\therefore z = 4x - y$

**Ans : C.**

**39** $\left|\frac{1}{(a^{-1})^{-1}}\right|^{-1}$ = কত?

A. a B. $a^2$ C. $\frac{1}{a^2}$ D. 0

ব্যাখ্যা : $\left|\frac{1}{(a^{-1})^{-1}}\right|^{-1} = \left|(a^{-1})\right|^{-1} . \left|\frac{1}{a}\right|^{-1} = a$

**Ans : A.**

**40.** অলির নিকট বিনির চাইতে 300 টাকা বেশি আছে কিন্তু জেনির চাইতে 500 টাকা কম আছে। যদি অলির নিকট x পরিমাণ টাকা থাকে, তবে বিনি এবং জেনির নিকট একত্রে কত টাকা আছে?

A. $2x + 800$ B. $x + 800$
C. $2x + 200$ D. $2x - 200$

ব্যাখ্যা : প্রশ্নমতে, x = বিনি + 300

আবার, x = জেনি − 500

(+) 2x = বিনি + জেনি − 200

∴ বিনি + জেনি = 2x + 200

**Ans : C.**

## সাধারণ জ্ঞান

**41.** বাংলাদেশের সংবিধানের কততম সংশোধনী দ্বারা সংসদীয় সরকার ব্যবস্থা প্রতিষ্ঠা হয়?

A. নবম B. দশম C. একাদশ D. দ্বাদশ

ব্যাখ্যা : • দ্বাদশ সংশোধনীর মাধ্যমে ১৯৯১ সালে জাতীয় সংসদে পুনরায় সংসদীয় গণতন্ত্র চালু হয়।
• বিলটি উত্থাপন করেছিলেন বেগম খালেদা জিয়া।
• এর বিষয়বস্তু রাষ্ট্রপতি শাসিত সরকার এর পরিবর্তে সংসদীয় শাসন ব্যবস্থা প্রবর্তন।
• এর ফলে উপরাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর পদ বিলুপ্ত হয়।
• দ্বাদশ সংশোধনীর দ্বারা সংসদীয় সরকার ব্যবস্থা প্রতিষ্ঠিত হয়।

**Ans : D.**

**42.** সামাজিক পরিবর্তনের ক্ষেত্রে নারী উন্নয়ন নীতিমালা কি ধরনের উপাদান?

A. প্রাকৃতিক B. প্রাতিষ্ঠানিক
C. প্রযুক্তিগত D. জৈবিক

ব্যাখ্যা : • সামাজিক পরিবর্তন বলতে বোঝায় সামাজিক কাঠামো ও কার্যাবলীর পরিবর্তন।
• সামাজিক পরিবর্তনের ক্ষেত্রে নারী উন্নয়ন নীতিমালা প্রাতিষ্ঠানিক পরিবর্তন প্রয়োজন।
• ১৯৯৬ সালের ১২ জুন, আওয়ামী লীগ সরকার নারী উন্নয়ন নীতিমালা প্রণয়ন করে।
• পরবর্তীতে ২০০৪ সালে জাতীয় নারী উন্নয়ন নীতি প্রণীত হয়।

**Ans : B.**

**43.** বাংলাদেশের সার্বিক যোগাযোগ ব্যবস্থার সাথে সম্পৃক্ত মন্ত্রণালয়ের সংখ্যা কয়টি?

A. ২ B. ৩ C. ৪ D. ৫

ব্যাখ্যা : • বাংলাদেশের সার্বিক যোগাযোগ ব্যবস্থার সাথে সম্পৃক্ত মন্ত্রণালয় চারটি।
• প্রথমত, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
• দ্বিতীয়ত, বেসরকারি বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
• তৃতীয়ত, নৌ পরিবহন মন্ত্রণালয়।
• চতুর্থত, রেলপথ মন্ত্রণালয়।

**Ans : C.**

**44.** শিল্পে শ্রম প্রগাঢ় প্রযুক্তি ব্যবহার করলে-

A. মূলধনের গুরুত্ব বাড়ে B. শ্রমের গুরুত্ব কমে
C. শ্রমের গুরুত্ব বাড়ে D. প্রযুক্তির গুরুত্ব কমে

ব্যাখ্যা : • শ্রম প্রগাঢ় বা লেবার ইনটেনসিভ প্রযুক্তি ব্যবহারের ফলে শিল্পে শ্রমের গুরুত্ব বাড়ে।
• যে কৌশলে তুলনামুলকভাবে মূলধনের তুলনায় শ্রম বেশী ব্যবহৃত হয় তাকে শ্রম নিবিড় উৎপাদন কৌশল বলে।
• এর ফলে যেকোন শিল্পের উৎপাদন তুলনামূলক ভাবে বৃদ্ধি পায়।

**Ans : C.**

**45.** বাংলাদেশের জাতীয় সংসদ কর্তৃক আইন কার্যকর হয় কার সম্মতিক্রমে?

A. প্রধানমন্ত্রী B. রাষ্ট্রপতি
C. সংসদ সদস্য D. স্পীকার

ব্যাখ্যা : • গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের আইন প্রণয়নের ক্ষমতা জাতীয় সংসদের উপর ন্যস্ত করা হয়েছে।
• আইন প্রণয়নের ক্ষেত্রে যেকোন নতুন আইনের খসড়া বিল আকারে সংসদে পেশ করতে হয়।
• সংসদ কর্তৃক গৃহীত বিল রাষ্ট্রপতির সম্মতি লাভ করে চূড়ান্ত আইনে পরিণত হয়।
• বিচার বিভাগের আইন প্রণয়নের কোন ক্ষমতা নেই।

**Ans : B.**

**46.** বাংলাদেশের প্রথম Y আকৃতির সেতুটি কোন নদীর উপর নির্মিত হয়েছে?

A. তিস্তা B. তিতাস
C. মেঘনা D. গড়াই

ব্যাখ্যা : • ব্রাহ্মণবাড়িয়ার বাঞ্ছারামপুরের তিতাস নদীর উপর নির্মিত হয়েছে এই সেতু।
• এটি দেশের একমাত্র ইংরেজি বর্ণের Y আকৃতির সেতু।
• ২০১৮ সালে এ সেতু উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
• এর দৈর্ঘ্য ৭৭১ দশমিক ২০ মিটার।

**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**47.** বাংলাদেশের সকল পৌরসভার সদস্য সংখ্যা-
A. সমান
B. এলাকা ও জনসংখ্যার ভিত্তিতে নির্ধারিত
C. সরকার কর্তৃক নির্ধারিত
D. মেয়র কর্তৃক নির্ধারিত

ব্যাখ্যা : • বাংলাদেশের সকল পৌরসভার সদস্য সংখ্যা সমান নয়।
• দেশে মোট পৌরসভার সংখ্যা ৩২৮ টি।
• পৌর এলাকার প্রাপ্তবয়স্কদের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হয় মেয়র।
• নির্ধারিত ওয়ার্ড এর জন্য সমান সংখ্যক কাউন্সিলর নির্বাচিত করা হয়।
• মহিলাদের জন্য সংরক্ষিত নির্ধারিত আসন থেকে নির্বাচিত হয় কাউন্সিল।
• পৌরসভার কার্যকাল ৫ বছর।
**Ans : B.**

**48.** কোন সংস্থাকে সংক্ষেপে NHA বলা হয়?
A. National Housing Association
B. National Housing Authority
C. National Housing Development Authority
D. National Housing Development Association

ব্যাখ্যা : • NHA - National Housing Authority
• ATM - Automated Teller Machine
• BARD - Bangladesh Academy for Rural Development
• ECNEC - Executive Committee of National Economic
• EPZ - Export Processing Zone
**Ans : B.**

**49.** বর্তমানে বাংলাদেশের সিটি কর্পোরেশনের সংখ্যা কয়টি?
A. ১০ B. ১২ C. ১৪ D. ১৫

ব্যাখ্যা : • বাংলাদেশের মোট ১২টি সিটি কর্পোরেশন রয়েছে।
• বর্তমানে বাংলাদেশের ৬টি প্রস্তাবিত সিটি কর্পোরেশন নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে।
• বাংলাদেশের সবচেয়ে নতুন সিটি কর্পোরেশন হচ্ছে ময়মনসিংহ সিটি কর্পোরেশন। এটি ২০১৮ সালে প্রতিষ্ঠিত হয়।
**Ans : B.**

**50.** নিচের কোনটি সম্পদের দুষ্প্রাপ্যতা সংজ্ঞার আওতাধীন?
A. একটি শহরের মজুদ পানি B. সমুদ্রের পানি
C. বাতাস D. কোনটিই নয়

ব্যাখ্যা : • মানব জীবনে অভাব অসীম।
• অভাব অসীম হলেও অভাব পূরণের সম্পদ সীমিত।
• সীমিত সম্পদের ব্যাপারটি বোঝানোর জন্যই মূলত অর্থনীতিতে দুষ্প্রাপ্যতা ধারণাটির উদ্ভব হয়।
• প্রদত্ত অপশন গুলির মধ্যে শহরের মজুদ পানি সীমিত সম্পদের উদাহরণ।
**Ans : A.**

**51.** নিচের কোনটি বাণিজ্যের উপকারিতা নয়?
A. বিশেষায়িতকরণ এর সুযোগ
B. স্বল্প প্রতিযোগীতা
C. নিম্ন মূল্য
D. অধিক সংখ্যক দ্রব্য ও সেবা প্রাপ্তি

ব্যাখ্যা : • নিম্ন মূল্য বাণিজ্যের জন্য উপকারী নয় কারণ এতে লাভজনক ব্যবসার সম্ভাবনা কমে যায়।
• বিশেষায়িতকরণের সুযোগ বাণিজ্যে স্বতন্ত্রতা আনে যা বাণিজ্যের জন্য উপকারী।
• অধিক সংখ্যক দ্রব্য ও সেবা প্রাপ্তি বাণিজ্যে ক্রেতা এবং বিক্রেতার সম্পর্ক স্থাপনে সহায়তা করে।
• স্বল্প প্রতিযোগিতা বাণিজ্যে একচেটিয়া ব্যবসা করার সুযোগ করে দেয়।
**Ans : C.**

**52.** ঢাকার ভৌগোলিক অবস্থান বিবেচনায় কোনটি সঠিক?
A. ৯০° পূ: দ্রাঘিমা ও ২৩.৮° দ:অক্ষাংশ
B. ৯০° পূ: দ্রাঘিমা ও ২৩.৮° উ:অক্ষাংশ
C. ৯০° প: দ্রাঘিমা ও ২৩.৮° উ:অক্ষাংশ
D. ৯০° প: দ্রাঘিমা ও ২৩.৮° দ:অক্ষাংশ

ব্যাখ্যা : • ঢাকা বাংলাদেশের রাজধানী এবং বিশ্বের অন্যতম জনবহুল মেগাসিটি।
• এটি বিশ্বের নবম বৃহত্তম শহর।
• এটি বাংলাদেশের মধ্যভাগে বুড়িগঙ্গা নদীর উত্তর তীরে একটি সমতল এলাকাতে অবস্থিত।
• ঢাকা শহরটি "মসজিদের শহর" নামেও পরিচিত।
• এছাড়া ঢাকা "বিশ্বের রিকশা রাজধানী" নামেও পরিচিত।
• স্থানাংকে ঢাকার অবস্থান - ২৩°৪২′ উত্তর হতে ৯০°২২′৩০″ পূর্ব অক্ষাংশ পর্যন্ত।
**Ans : B.**

**53.** 'Unicameral' এবং 'Bicameral' শব্দ দুটি সরকারের কোন বিভাগের সাথে সম্পর্কিত?
A. শাসন বিভাগ B. আইন বিভাগ
C. আমলাতন্ত্র D. গণমাধ্যম

ব্যাখ্যা : • Unicameral এবং bicameral শব্দ দুটি সরকারের আইন বিভাগ এর সাথে সম্পর্কিত।
• Unicameral শব্দের অর্থ এক কক্ষ বিশিষ্ট।
• Bicameral শব্দের অর্থ দুই কক্ষ বিশিষ্ট।
• বাংলাদেশের আইনসভা এককক্ষ বিশিষ্ট বা Unicameral Parliament।
• এর নাম জাতীয় সংসদ।
**Ans : B.**

**54.** ধর্ম ও ন্যায়বোধ কিসের উৎস?
A. স্বাধীনতা B. জাতীয়তা C. আইন D. অধিকার

ব্যাখ্যা : • ধর্ম ও ন্যায়বোধ আইনের উৎস।
• আইনের অন্যান্য উৎসের মধ্যে রয়েছে – আইনসভার প্রণীত আইন, বিচারকের রায়, প্রথা, ন্যায়বোধ, আইনবিদদের গ্রন্থ প্রভৃতি।
• তবে রাষ্ট্রভেদে এর বিভিন্নতাও লক্ষ্য করা যায়।
• যেমন : একনায়কতন্ত্র বা স্বৈরতন্ত্রে ক্ষমতাসীন ব্যক্তির ইচ্ছাই আইনে পরিণত হয়।
**Ans : C.**

**55.** আলকাতরা তৈরি হয়-
A. খনিজ তেল হতে B. কয়লা হতে
C. লোহা হতে D. তামা হতে

ব্যাখ্যা : কয়লা থেকে জ্বালানি ছাড়াও বহুপ্রয়োজনীয় পদার্থ তৈরি হয়। যেমন : কোল গ্যাস, আলকাতরা, বেঞ্জিন, অ্যামোনিয়া, টলুয়িন প্রভৃতি। খনিজ কয়লার বিধ্বংসী পাতনের মাধ্যমে আলকাতরা উৎপাদন করা হয়। নৌকার নিচের অংশকে পানির ক্ষয় থেকে মুক্ত রাখতে, রাস্তা নির্মাণ, মেডিকেটেড সাবান, শ্যাম্পু, অয়েন্টমেন্ট তৈরি ইত্যাদি কাজে আলকাতরা ব্যবহার করা হয়।
**Ans : B.**

**56.** আইনগত কাঠামো আদেশের ঘোষক কে?
A. ইয়াহিয়া খান B. আইয়ুব খান
C. জুলফিকার আলী ভুট্টো D. খাজা নাজিমুদ্দিন

ব্যাখ্যা : • আইনগত কাঠামো আদেশের ঘোষক ইয়াহিয়া খান।
• ইয়াহিয়া খান (১৯১৭-১৯৮০) পাকিস্তান সেনাবাহিনীর প্রাক্তন সর্বাধিনায়ক।
• তিনি ১৯৬৯ হতে ১৯৭২ খ্রীস্টাব্দ পর্যন্ত পাকিস্তানের রাষ্ট্রপতি ও সামরিক শাসক ছিলেন।
• ১৯৬৯ সালে পাকিস্তানের জেনারেল ইয়াহিয়া খান ১৯৭০ সালের নির্বাচন অনুষ্ঠিত হওয়ার জন্য বিধিমালা জারি করে যা আইনগত কাঠামো আদেশ নামে পরিচিত।
**Ans : A.**

পড়ার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**57.** বাংলাদেশের উষ্ণতম মাস কোনটি?
A. মার্চ B. এপ্রিল C. মে D. জুন

ব্যাখ্যা : • বাংলাদেশের উষ্ণতম মাস এপ্রিল।
• বাংলাদেশের আবহাওয়া নাতিশীতোষ্ণ।
• বাংলাদেশের শীতলতম মাস জানুয়ারি।
• ভৌগোলিকভাবে পৃথিবীর বৃহত্তম ব-দ্বীপের সিংহভাগ অঞ্চল জুড়ে বাংলাদেশ ভূখণ্ড অবস্থিত।
**Ans : B.**

**58.** নিচের কোন উক্তিটি সঠিক?
A. প্রশান্ত মহাসাগর ভারত মহাসাগর থেকে প্রায় আড়াই গুণ বড়
B. প্রশান্ত মহাসাগর ভারত মহাসাগর থেকে প্রায় দ্বিগুণ বড়
C. আটলান্টিক মহাসাগর ভারত মহাসাগর থেকে প্রায় দেড় গুণ বড়
D. আটলান্টিক মহাসাগর ভারত মহাসাগর থেকে প্রায় দ্বিগুণ বড়

ব্যাখ্যা : • প্রশান্ত মহাসাগর ভারত মহাসাগর এর চেয়ে প্রায় আড়াই গুণ বড়। প্রশান্ত মহাসাগরের আয়তন ১৬৯২০০০০০ বর্গ কি. মি. এবং ভারত মহাসাগরের আয়তন ৭৩৫৫৬০০০ বর্গ কি.মি. (সূত্র : উইকিপিডিয়া)
• প্রশান্ত মহাসাগর (ইংরেজি: Pacific Ocean) পৃথিবীর বৃহত্তম মহাসাগর।
• এটি দক্ষিণে অ্যান্টার্কটিকা পর্যন্ত বিস্তৃত; পশ্চিমে এশিয়া এবং অস্ট্রেলিয়া ঘেরা এবং এর পূর্বে রয়েছে দুই আমেরিকা মহাদেশ।
• ভারত মহাসাগর হল বিশ্বের তৃতীয় বৃহত্তম মহাসাগর।
• পৃথিবীর মোট জলভাগের ২০ শতাংশ এই মহাসাগর অধিকার করে আছে।
**Ans : A.**

**59.** সমাজ পরিবর্তনের জৈবিক উপাদান কোনটি?
A. সংস্কৃতি B. গড় আয়ু C. রাজনীতি D. অনাবৃষ্টি

ব্যাখ্যা : • সমাজ পরিবর্তনের জৈবিক উপাদান হল গড় আয়ু।
• সমাজ পরিবর্তনের জৈবিক উপাদান এর মধ্যে রয়েছে জন্ম ও মৃত্যুহার।
• এছাড়াও রয়েছে গড় আয়ু ও জনসংখ্যার ঘনত্ব।
• আর জনসংখ্যার প্রকৃতি ও জীবনযাত্রার মানও সমাজ পরিবর্তনের জৈবিক উপাদান হিসেবে গণ্য।
**Ans : B.**

**60.** বাংলাদেশের ম্রো জনগোষ্ঠীর মধ্যে কোন ধরনের পারিবারিক ব্যবস্থা বিদ্যমান?
A. গোষ্ঠীপ্রধান B. মাতৃপ্রধান
C. পিতৃপ্রধান D. ট্রাইবাল চীফ শাসিত

ব্যাখ্যা : • বাংলাদেশের ম্রো জনগোষ্ঠীর মধ্যে পিতৃপ্রধান পারিবারিক ব্যবস্থা বিদ্যমান।
• বাংলাদেশে ম্রো জনগোষ্ঠীর বাস মূলত পার্বত্য চট্টগ্রামে বান্দরবান জেলা ও রাঙ্গামাটি জেলায়।
• এদের সমাজে কয়েকটি পরিবার মিলে এক একটি গোত্র হয়।
• একই দল বা গোত্র ভুক্ত ছেলেমেয়ের মধ্যে বিয়ে নিষিদ্ধ।
• ম্রোদের বংশপরিচয় পিতৃতান্ত্রিক।
**Ans : C.**

**61.** মানবসমাজ কিসের মধ্য দিয়ে সভ্যতায় পর্দাপন করেছে?
A. যুদ্ধ বিগ্রহ B. বিবর্তন
C. পরিবার গঠন D. লোহার ব্যবহার

ব্যাখ্যা : • মানব সমাজ পরিবার গঠনের মধ্য দিয়ে সভ্যতায় প্রবেশ করেছে।
• পরিবার গঠনের পূর্বে মানুষ এর কোন সামাজিক কাঠামো ছিলোনা।
• মূলত পরিবার সৃষ্টির পর থেকেই যাবতীয় মূল্যবোধ এবং সভ্যতার ভিত্তি তৈরি হয়।
• বর্তমান বিশ্বের পরিবার রক্তসম্পর্ককে কেন্দ্র করে গড়ে উঠেছে।
**Ans : C.**

**62.** বাংলাদেশের কোন পাহাড়ে প্রচুর বাঁশ ও বেত জন্মে?
A. চট্টগ্রাম পাহাড়ে B. গারো পাহাড়ে
C. বান্দরবান পাহাড়ে D. সিলেট পাহাড়ে

ব্যাখ্যা : • বাংলাদেশের বান্দরবান ও সিলেটের পাহাড় এ প্রচুর বাঁশ ও বেত জন্মে।
• বাংলাদেশের খাগড়াছড়ির আলীকদম অঞ্চলে বাঁশ ও বেত জন্মে।
• বাংলাদেশে তৃণ গোত্রের ২৬ প্রজাতির বাঁশ পাওয়া যায়।
• বাংলাদেশে আছে বেতের মাত্র ২টি প্রজাতি- Calamus এবং Daemonorops।
এখানে অপশন (C & D) দুটিই সঠিক।
**Ans : C, D.**

**63.** ১৯৫৬ সালের সংবিধানের মাধ্যমে পাকিস্তানের কোন ধরনের সরকার ব্যবস্থা প্রবর্তিত হয়?
A. সংসদীয় B. রাষ্ট্রপতি শাসিত
C. যুক্তরাষ্ট্রীয় D. সর্বাত্মকবাদী

ব্যাখ্যা : • ১৯৫৬ সালে পাকিস্তানের প্রথম শাসনতন্ত্র রচিত হয়।
• ১৯৫৬ সালে পাকিস্তানের সংবিধানের মাধ্যমে পাকিস্তানের রাষ্ট্রপতি শাসিত সরকার ব্যবস্থা প্রবর্তিত হয়।
• ইস্কান্দর মির্জা পাকিস্তান প্রজাতন্ত্রের প্রথম প্রেসিডেন্ট।
• যদিও এর দুবছর পর অর্থাৎ ১৯৫৮ সালে জেনারেল আইয়ুব খান পাকিস্তানে সামরিক শাসন জারী করে।
• এ সামরিক শাসন ১০ বছর স্থায়ী ছিল।
**Ans : B.**

**64.** কর্তৃত্বের ভিত্তিতে পরিবারের ধরন কোনটি?
A. বহুপত্নী পরিবার B. মাতৃপ্রধান পরিবার
C. বর্ধিত পরিবার D. পিতৃসূত্রীয় পরিবার

ব্যাখ্যা : • কর্তৃত্বের ভিত্তিতে পরিবার এর ধরন দুই প্রকারের হতে পারে- পিতৃপ্রধান এবং মাতৃপ্রধান পরিবার।
• যে পরিবারে পিতা ক্ষমতা চর্চায় এবং সিদ্ধান্ত গ্রহনে প্রধান ভূমিকা পালন করে তাকে পিতৃতান্ত্রিক পরিবার বলে। পিতৃসূত্রীয় পরিবার ও সাধারণত পিতৃতান্ত্রিক।
• যে পরিবারে মাতা ক্ষমতা চর্চায় এবং সিদ্ধান্ত গ্রহনে প্রধান ভূমিকা পালন করে তাকে মাতৃতান্ত্রিক পরিবার বলে।
এখানে অপশন (B & D) দুটিই সঠিক।
**Ans : B, D.**

**65.** বাংলাদেশ কবে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করে?
A. ২০০১ সালে B. ২০০০ সালে
C. ২০০২ সালে D. ১৯৯৯ সালে

ব্যাখ্যা : • বাংলাদেশ ২০০০ – ২০০১ অর্থবছরে খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করে।
• সবজি উৎপাদনে তৃতীয় আর চাল ও মাছ উৎপাদনে বাংলাদেশ এখন বিশ্বে চতুর্থ অবস্থানে।
• বন্যা, খরা, লবণাক্ততা ও দুর্যোগ সহিষ্ণু শস্যের জাত উদ্ভাবনেও শীর্ষে বাংলাদেশের নাম রয়েছে।
• বাংলাদেশ চাল উৎপাদনে বিশ্বে চতুর্থ।
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## বুদ্ধিমত্তা

**66.** কোনটি পৃথক?
A. নিউইয়র্ক B. অটোয়া C. প্যারিস D. ক্যানবেরা

ব্যাখ্যা : নিউইয়র্ক ব্যতীত বাকি সব শহর রাজধানী শহর।
**Ans : A.**

**67.** It is impossible to gamble without-
A. being risk B. a casino
C. compromising ethics D. taking risk

ব্যাখ্যা : It is impossible to gamble without taking risk – ঝুঁকি না নিয়ে জুয়া খেলা অসম্ভব।
**Ans : D.**

**68.** কোন উত্তরটি প্রদত্ত শব্দগুচ্ছকে নির্দেশ করে?
ভাল, মন্দ, সত্য, মিথ্যা, দ্বিধা, দ্বন্দ্ব
A. ভা মি স ম দ্বি দ্ব B. ভা দ্বি স মি ম দ্ব
C. ভা ম মি স দ্বি দ্ব D. ভা ম স মি দ্বি দ্ব

ব্যাখ্যা : প্রতিটি শব্দের আদ্যক্ষর নিয়ে অপশন (D) পাই।
**Ans : D.**

**69.** কোন যুগলটি পৃথক?
A. Water : Thirst B. Food : Hunger
C. Talent : Education D. Air : Saffocation

ব্যাখ্যা : Water (পানি) : Thirst (পানির অভাবে অনুভূত হয়)
Food (খাদ্য) : Hunger (খাদ্যের অভাবে অনুভূত হয়)
Air (বাতাস) : Suffocation (বাতাসের অভাবে অনুভূত হয়)
Talent (প্রতিভা) : Education (শিক্ষা)
**Ans : C.**

**70.** নিচের এলোমেলো শব্দগুলো সঠিকভাবে সাজালে একটি অর্থপূর্ণ বাক্য গঠিত হবে। উক্ত বাক্যের শেষ শব্দের শেষ বর্ণটি কি?
**Life the human is curse of poverty**
A. e B. n C. n D. y

ব্যাখ্যা : Poverty is the curse of human life.
**Ans : A.**

**71.** কোনটি পৃথক?
A. noun B. preposition
C. adverb D. punctuation

ব্যাখ্যা : Punctuation – বিরাম বা যতি চিহ্ন
Noun, Preposition, adverb –এগুলো Parts of Speech.
**Ans : D.**

**72.** 'ওয়ারেন্ট' হলো পুলিশ কর্তৃক কোনো ব্যক্তিকে গ্রেফতারের আজ্ঞা পত্র। তাহলে 'ওয়ারেন্টি' কি?
A. বিক্রিত পণ্যের ক্ষতিপূরণের প্রতিশ্রুতি পত্র
B. আদালত কর্তৃক জারিকৃত আদেশ
C. বাদী পক্ষের আইনজীবীর ওকালতনামা
D. কোনো স্থানে তল্লাশি চালানোর নির্দেশনামা

**Ans : A.**

**73.** আবিরের দশবছর বয়সী ভাগ্নে তার ১২ বছর বয়সী ভাতিজার চেয়ে লম্বা।
A. always B. never C. often D. sometimes

ব্যাখ্যা : আবিরের ভাগ্নে ও ভাতিজার মধ্যে বয়সের ব্যবধান থাকলেও নিশ্চয়তা দিয়ে বলা যাবে না কে বেশি লম্বা।
**Ans : D.**

**74.** কোন শব্দগুচ্ছ অধিকতর সামঞ্জস্যপূর্ণ নয়?
A. শিক্ষক : পাঠদান B. বিজ্ঞানী : আবিষ্কার
C. চাকুরীজীবি : বেতন D. আইনজীবী : আদালত

ব্যাখ্যা : অপশন C তে ব্যক্তির পেশা আর কর্মফলকে প্রকাশ করা হয়েছে। অন্যদিকে অপশন A, B ও D তে ব্যক্তির পেশা আর কর্মক্ষেত্রকে প্রকাশ করে। সুতরাং অপশন C সামঞ্জস্যপূর্ণ নয়।
**Ans : C.**

**75.** Select the meaningful sequence-
A. Inflation → Consumption → Output → Price
B. Consumption → Output → Price → Inflation
C. Inflation → Price → Consumption → Output
D. Output → Consumption → Price → Inflation

ব্যাখ্যা : Inflation হলে দ্রব্যের Price কমে যায়। ফলে মানুষের Consumption কম হয় এবং তাই Output (উৎপাদন) কম হয়।
**Ans : C.**

**76.** সড়কের নিরাপদ চলাচলের জন্য প্রতিবন্ধক কোনটি-
A. ওভারব্রীজ, আন্ডারপাস ব্যবহার করা
B. ফুটপাত দিয়ে হাঁটা
C. দৌড়ে রাস্তা পার হওয়া
D. চলন্ত গাড়িতে ওঠানামা না করা

**Ans : C.**

**77.** Which one of the following is always associated with 'Telephone'?
A. Bill B. Number
C. Connection D. Ringtone

ব্যাখ্যা : Telephone এর কথা বললেই সবসময় প্রথমে আসে Telephone Number এর কথা।
**Ans : B.**

**78.** বিশ্বকাপ মহিলা ফুটবলে ষোলটি দল নকআউট পদ্ধতিতে ফাইনাল পর্যন্ত খেললে মোট কয়টি ম্যাচ অনুষ্ঠিত হবে?
A. ১০ B. ১২
C. ১৫ D. ১৬

ব্যাখ্যা : মোট খেলা অনুষ্ঠিত হবে
$$= \frac{16}{2} + \frac{16}{2} \times \frac{1}{2} + \frac{16}{2} \times \frac{1}{2} \times \frac{1}{2} + \frac{16}{2} \times \frac{1}{2} \times \frac{1}{2} \times \frac{1}{1}$$
$= 8 + 4 + 2 + 1 = 15$ টি
**Ans : C.**

**79.** 'এনসাইক্লোপিডিয়া' শব্দটি ইংরেজিতে লিখলে মোট কয়টি Vowel ন্যূনতম একবার ব্যবহৃত হবে?
A. ২ B. ৩
C. ৪ D. ৫

ব্যাখ্যা : Encyclopedia শব্দটি u ব্যতীত বাকি চারটি Vowel ন্যূনতম একবার করে রয়েছে।
**Ans : C.**

**80.** নিচের বর্ণগুচ্ছ দিয়ে অর্থপূর্ণ শব্দ তৈরি কর-
A. q s u t i c t i t o n o t
B. p s i u t t o p c t o n i
C. m t u s o c i i t o t o n
D. n s u t c i o t o t n o i

ব্যাখ্যা : Constitution অর্থ : গঠনতন্ত্র/সংবিধান।
**Ans : D.**

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার